# বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩




## বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন

বিটিএমসি ভবন
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫
টেলিফোনঃ ৫৮১৫৩৯১৬
ফ্যাক্সঃ ৮৮০-২-৫৮১৫২৬৮০
www.btmc.gov.bd
E-mail: btmcho@gmail.com

প্রকাশকালঃ অক্টোবর, ২০২৩

প্রকাশনা ও স্বত্বঃ বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন, ঢাকা।

উপদেষ্টাঃ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জিয়াউল হক।
এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি,
চেয়ারম্যান, বিটিএমসি।

**সম্পাদনা পরিষদঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১. | হাওলাদার মোঃ রকিবুল বারী<br>পরিচালক (বাণিজ্য) | আহ্বায়ক |
| ২. | মোঃ নূরুল আলম<br>মুখ্য পরিচালন কর্মকর্তা | সদস্য |
| ৩. | সৈয়দ মোহাম্মদ জাহিদ হোসেন<br>পরিচালক (অর্থ ও নিরীক্ষা) | সদস্য |
| ৪. | কাজী ফিরোজ হোসেন<br>প্রধান জনসংযোগ কর্মকর্তা | সদস্য |
| ৫. | মোহাম্মদ সহিদ উল্ল্যা<br>জ্যেষ্ঠ উপ-প্রধান নিরীক্ষক | সদস্য |
| ৬. | মোঃ কামরুল হাসান<br>উপ-মহাব্যবস্থাপক | সদস্য |
| ৭. | নিলুফা আক্তার<br>ব্যবস্থাপক | সদস্য |
| ৮. | রঞ্জন কুমার প্রসাদ<br>উপ-প্রধান হিসাবরক্ষক | সদস্য |
| ৯. | মোঃ ইব্রাহিম মিয়া<br>ব্যবস্থাপক (মাননিয়ন্ত্রন) | সদস্য |
| ১০. | সাব্বির আহমেদ<br>উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ) | সদস্য |
| ১১. | প্রণতী রানী রায়<br>ব্যবস্থাপক (কোম্পানী এ্যাফেয়ার্স) | সদস্য-সচিব |



# বাণী

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন (বিটিএমসি) ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম নিয়ে একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

স্বাধীনতা পরবর্তি ১৯৭২ সালে রাষ্ট্রীয়করনকৃত ৭৪টি মিল বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশনকে (বিটিএমসি) ন্যাস্ত করা হয়। পরবর্তীতে, বিটিএমসি কর্তৃক আরও ১২টি মিল প্রতিষ্ঠাপূর্বক সর্বমোট মিল সংখ্যা দাড়ায় ৮৬টি। দেশীয় সূতার চাহিদা পূরণ এবং সেই সাথে সাথে বিপুল পরিমান কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেক্সটাইল মিলগুলো স্বগৌরবে পরিচালিত হয়েছে।

বস্ত্রশিল্প প্রসারের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রীর জননেত্রী শেখ হাসিনার নির্দেশক্রমে বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন নানামূখী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহের মধ্যে ১৬টি মিল পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে ১টি মিল হস্তান্তর করা হয়েছে এবং কয়েকটি মিল হস্তান্তর চুক্তি সম্পাদনের চূড়ান্ত পর্যায়ে রয়েছে। পিপিপি'র আওতা বর্হিভূত ৩টি মিল দীর্ঘ মেয়াদী লীজ চালু করার কাজ চলমান রয়েছে। এছাড়াও বিটিএমসির নিয়ন্ত্রণাধীন নারায়ণগঞ্জের গোদনাইলে অবস্থিত চিত্তরঞ্জন কটন মিলের জায়গায় 'টেক্সটাইল পল্লী' বাস্তবায়নের কাজ চলছে।

আমার বিশ্বাস বিটিএমসি'র বন্ধ মিলগুলো পিপিপি/লীজের আওতায় পরিচালনার মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি করে দেশের ইতিবাচক ভূমিকা রাখার পাশাপাশি রাষ্ট্রীয় সম্পদের সর্বোত্তম ব্যবহার ও সুরক্ষা নিশ্চিত হবে। ফলে রপ্তানী রাজার সম্প্রসারণ, বৈদেশিক মুদ্রা অর্জন, কর্মসংস্থান সৃষ্টি, রাজস্ব আহরণ ও বিনিয়োগ বৃদ্ধি পাবে যা দেশের সামগ্রিক অর্থনীতিকে গতিশীল করে সমৃদ্ধ-স্মার্ট বাংলাদেশ গড়তে অবদান রাখবে বলে আমি আশা করি।

পরিশেষে, আমি এ বার্ষিক প্রতিবেদন প্রকাশের সাফল্য কামনা করছি পাশাপাশি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(গোলাম দস্তগীর গাজী, বীরপ্রতীক, এমপি)
মন্ত্রী
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



# বাণী

বিটিএমসি তার কার্যক্রমের উপর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে। বার্ষিক প্রতিবেদন প্রকাশের এ উদ্যোগকে আমি স্বাগত জানাই। বাংলাদেশের রপ্তানি পণ্যের একক বৃহত্তম উৎস বস্ত্রশিল্প। এই শিল্প দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। শ্রমঘন শিল্প হিসেবে দারিদ্র বিমোচন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে রয়েছে এর অসামান্য অবদান। নারীর ক্ষমতায়ন ও বিশেষত কর্মসংস্থানের ক্ষেত্রে এ খাত যুগান্তকারী ভূমিকা রেখেছে। বস্ত্রখাতের সাফল্যের পিছনে বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি) এর রয়েছে গৌরবোজ্জল ইতিহাস।

স্বাধীনতা পরবর্তী সময়ে বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন মোট মিল সংখ্যা ছিল ৮৬টি। পরবর্তীতে মুক্তবাজার অর্থনিতি, বেসরকারি খাতে সরকারের পৃষ্ঠপোষকতা করা সহ নানা উদ্দেশ্য নিয়ে সিংহভাগ মিল বিরাষ্ট্রীয়করণ করা হয়। বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন বর্তমানে মোট ২৫টি মিল রয়েছে যা ১৯৯৭ সাল হতে উৎপাদন বন্ধ রয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী ২০১৪ সালে বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালে বিটিএমসি'র বন্ধ মিলসমূহ চালু করার নির্দেশনা প্রদান করেন। এর ধারাবাহিকতায় বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহ হতে ১৬টি মিল পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) মডেলে পরিচালনার জন্য অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) হতে নীতিগত অনুমোদন গ্রহণ করা হয়েছে। সে আলোকে পিপিপি মডেল অনুসরণ করে বন্ধ মিলসমূহ আধুনিক ও যুগোপযোগী ব্যবস্থাপনায় চালু করার জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বিটিএমসি এবং পিপিপি কর্তৃপক্ষ কাজ করে যাচ্ছে। সম্প্রতি বিটিএমসি পিপিপি'র আওতাবর্হিভূত একাধিক মিল নবায়নযোগ্য দীর্ঘমেয়াদী লীজ পদ্ধতিতে চালু করার উদ্যোগ গ্রহণ করেছে।

বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর তত্বাবধানে বিটিএমসি'র পিপিপি, দীর্ঘমেয়াদী লীজ অথবা বস্ত্র খাতের ক্ষুদ্র উদ্যোক্তাদের পৃষ্ঠপোষকতার লক্ষ্যে টেক্সটাইল পল্লী বাস্তবায়নের প্রচেষ্টার মাধ্যমে সরকারি সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করা এবং সেই সাথে বস্ত্রশিল্পের প্রসার ও কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

সরকারের নীতিমালা ও পরিকল্পনাকে কাজে লাগিয়ে বস্ত্র খাতের অভ্যন্তরীণ ও রপ্তানী বাজার সম্প্রসারণ, বৈদিশক মূদ্রা অর্জন ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বাংলাদেশকে ২০৪১ সালে একটি উন্নত দেশে পরিণত করার ক্ষেত্রে বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি। বিটিএমসির বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ এ প্রকাশিত তথ্যাবলী সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ,প্রতিষ্ঠান ও সুবিধাভোগী এর জন্য সহায়ক ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি। বার্ষিক প্রতিবেদন প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই এবং প্রকাশনার সফলতা কামানা করছি।

মোঃ আব্দুর রউফ
সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়



# মুখবন্ধ

মহান স্বাধীনতা পরবর্তী ১৯৭২ সালের ২৬ মার্চ রাষ্ট্রপতি আদেশ নং-২৭ দ্বারা ৭৪টি মিল নিয়ে বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন (বিটিএমসি) প্রতিষ্ঠিত হয়। দেশের ক্রমবর্ধমান বস্ত্রের চাহিদা বৃদ্ধি, শিল্পায়নের মাধ্যমে বিদেশী নির্ভরতা হ্রাস করা এবং সর্বোপরি জনগনের কর্ম সংস্থানের লক্ষ্যে সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বিটিএমসি'র মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে আরও ১২টি মিল স্থাপন করা হয়। ফলে বিটিএমসি'র মিল সংখ্যা দাঁড়ায় ৮৬টি। প্রতিষ্ঠা লগ্ন হতে নব্বই দশক পযর্ন্ত বিটিএমসি'র মিলগুলোর উৎপাদিত পণ্য বাংলাদেশের বস্ত্রখাতে দেশীয় চাহিদার সিংহভাগ যোগান দিয়েছে। পরবর্তিতে, বেসরকারী খাতকে পৃষ্ঠপোশকতা করা, বস্ত্রখাতকে আন্তর্জাতিক মর্যাদায় প্রতিযোগীতামূলক অবস্থানে দেশকে নিয়ে যেতে ও কর্মসংস্থান সহ রাজস্ব আয়বৃদ্ধি সহ নানা উদ্দেশ্যে সরকারের বিরাষ্ট্রীয়করণ নীতির আওতায় ১৯৭৭ হতে ২০১০ সাল পর্যন্ত সময়ের মধ্যে বেসরকারী খাতে বিটিএমসির ৫৮টি মিল হস্তান্তর করা হয়।

বর্তমানে বিটিএমসি'র নিয়ন্ত্রনে ২৫টি টেক্সটাইল মিলের মধ্যে ১৬টি মিল পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি)'র আওতায় পরিচালনার লক্ষ্যে নীতিগত অনুমোদন প্রদান করা হয়। সরকারের রূপকল্প-২০৪১ সালের মধ্যে সমৃদ্ধশালী বাংলাদেশ অর্জন এবং উন্নত দেশের মর্যাদায় আসীন করার লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য বিটিএমসি পিপিপি এবং সম্ভাব্য অন্যান্য পদ্ধতির মাধ্যমে স্থানীয় এবং বিদেশী বিনিয়োগকারীদের অংশগ্রহনে শিল্পপ্রতিষ্ঠান স্থাপনে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। বিটিএমসি'র মিলগুলো চালু হলে বিপুল পরিমান কর্মসংস্থান, রপ্তানী বাজার সম্প্রসারণ, বৈদেশিক মুদ্রা অর্জন, রাজস্ব আহরণ ও বিনিয়োগ বৃদ্ধি পাবে যার মাধ্যমে দেশের সামগ্রিক এবং আর্থ-সামাজিক উন্নয়ন করা সম্ভব হবে।

দেশের ছোট উদ্যোক্তাদের পৃষ্ঠপোষকতা করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে নারায়নগঞ্জে চিত্তরঞ্জন টেক্সটাইল মিলের জমিকে ছোট ছোট প্লটে ভাগ করে টেক্সটাইল পল্লী অনুমোদন ও বাস্তবায়ন করা হচ্ছে। ইতোমধ্যে চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লীতে উদ্যোক্তরা উৎপাদন শুরুর মাধ্যমে শতভাগ রপ্তানী করায় বস্ত্রখাতে দেশে ও বিদেশের চাহিদা পূরণে ভূমিকা রাখছে। এছাড়াও বিটিএমসির অবশিষ্ট মিলসমূহ দীর্ঘমেয়াদী লিজ প্রক্রিয়ায় চালুকরণের পরিকল্পনা গ্রহণের মাধ্যমে টেক্সটাইল সেক্টরকে লাভজনক করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। সামগ্রিকভাবে বিটিএমসির নানামুখি উদ্যোগ গ্রহণের ফলে দেশী-বিদেশী উদ্যোক্তাদের দ্বারা মিলসমূহ উৎপাদনে আনার প্রানান্তকর চেষ্টা করে যাচ্ছে।

বিটিএমসি'র ২০২২-২৩ অর্থবছরের কার্যাবলী সম্পর্কিত প্রতিবেদনের তথ্যাবলী বিটিএমসি'র স্টেকহোল্ডারদের জন্য সহায়ক হবে এবং করপোরেশনের কার্যক্রম ও অগ্রযাত্রা সম্পর্কে সুস্পষ্ট ধারনা দিবে। বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন প্রণয়নে সংশ্লিষ্ট কমিটির সদস্যদের আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি এবং বিটিএমসি'র সার্বিক সফলতা কামনা করছি।

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জিয়াউল হক
এনডিসি,এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন



**আহবায়ক, বার্ষিক প্রতিবেদন প্রকাশনা কমিটি।**

## কিছুকথা

প্রতিবারের ন্যায় বিটিএমসি ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে। এ প্রকাশনা উপলক্ষ্যে বস্ত্র এ পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়, সচিব মহোদয়, চেয়ারম্যান বিটিএমসি মহোদয়, বিটিএমসি'র সকল স্তরের কর্মকর্তা কর্মচারীবৃন্দ প্রাক্তন কর্মকর্তা-কর্মচারী, শুভানুধ্যায়ী এবং সহযোগী সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা এবং আন্তরিক অভিনন্দন জানাই।

বিটিএমসি একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। মহান মুক্তি সংগ্রামের মাধ্যমে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ সৃষ্টির অব্যবহিত পর পরই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে বাংলাদেশের ব্যক্তি মালিকানাধীণ বস্ত্রকলসমুহকে জাতীয়করণ করেন। মহামান্য রাষ্ট্রপতির আদেশ বলে জাতীয়করণকৃত ৭৪টি মিল নিয়ে ১৯৭২ সালের ১লা জুলাই বিটিএমসি'র কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়। পরবর্তীতে দেশের বিভিন্ন এলাকায় আরো ১২টি বস্ত্র মিল স্থাপনের মাধ্যমে বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন মোট মিল সংখ্যা দাড়ায় ৮৬টি। দেশীয় সূতা ও কাপড় উৎপাদনে বিটিএমসি'র রয়েছে এক গৌরবোজ্জল ইতিহাস। পরবর্তীকালে অব্যাহত লোকসানের ফলশ্রুতিতে আর্থিক সংকটের কারনে কাঁচা তুলা আমদানী করতে না পারায় অধিকাংশ মিলের উৎপাদন কার্যক্রম বন্ধ হয়ে যায়। এছাড়া দীর্ঘদিনের পুরাতন যন্ত্রপাতির উৎপাদন ক্ষমতা হ্রাস পাওয়ায় উৎপাদিত পণ্যের গুনগত মান যুক্তিসঙ্গত পর্যায়ে রাখা সম্ভব হচ্ছিল না। ক্রমবর্ধমান লোকসানের ফলে বিটিএমসি চরম আর্থিক সংকটে নিপতিত হয়। এরূপ পরিস্থিতিতে সংকট উত্তোরণের জন্য বর্তমান গণতান্ত্রিক সরকারের সার্বিক নির্দেশনায় বিটিএমসি বেশ কিছু সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করে।

বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন বন্ধ মিলগুলো পুনরায় চালু করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী "পিপিপি" এর মাধ্যমে আধুনিকায়ণপূর্বক কম্পোজিট গ্রীন টেক্সটাইল মিল স্থাপনের জন্য দেশী/বিদেশী শিল্প উদ্যোক্তাদের সাথে আলোচনার উদ্যোগ গ্রহণ করা হয়। বিটিএমসি'র বর্তমান মিলসমুহের মধ্যে ১৬টি মিল পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ(পিপিপি) এর আওতায় পরিচালনার জন্য অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি(সিসিইএ) এর নীতিগত অনুমোদন পাওয়া গিয়েছে। প্রথম পর্যায়ে ০১টি মিল কাদেরিয়া টেক্সটাইল মিল আন্তর্জাতিক দরপত্র আহবানের মাধ্যমে চুড়ান্তভাবে নির্বাচিত প্রাইভেট পার্টনারকে হস্তান্তর করা হয়েছে। অপর মিল আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিল হস্তান্তর কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। পিপিপি'র মাধ্যমে অবশিষ্ট ১৪ টি মিলের মধ্যে ২য় পর্যায়ে রয়েছে ০২টি মিল সেগুলো হল (১) আর. আর. টেক্সটাইল মিলস্, বাঁশবাড়িয়া সীতাকুন্ড, (২)রাজশাহী টেক্সটাইল মিলস্, সপুরা, রাজশাহী। বর্ণিত ০২টি মিলের আন্তর্জাতিক দরপত্র আহবান ও দরপত্র মূল্যায়ণ শেষে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ২টি মিল (১) দোস্ত টেক্সটাইল মিলস্, নতুন রানীর হাট, ফেনী, (২) মাগুরা টেক্সটাইল মিলস্, মাগুরা পিপিপি'র আওতায় চালুকরণের লক্ষ্যে পুনঃদরপত্র আহবান করা হয়েছে। ইতোমধ্যে সম্ভাব্য অংশীজনদের নিয়ে প্রি-বিড কর্মশালা সম্পন্ন করা হয়েছে। এছাড়া সিসিইএ অনুমোদন বর্হিভূত ৩টি মিল যথাক্রমে সিলেট টেক্সটাইল মিল,কুড়িগ্রাম টেক্সটাইল মিল এবং ভালিকা উলেন মিলস দীর্ঘমেয়াদী লীজ পদ্ধতিতে চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন হলে বন্ধ মিলগুলো পূর্নাঙ্গরূপে আধুনিকভাবে চালু হবে বলে আশা করা যায়, যা ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে, শিল্পায়নের প্রসার ঘটাবে, রাজস্ব আদায় বৃদ্ধি পাবে এবং রপ্তানী বাড়বে। এ লক্ষ্যে বিটিএমসি, পিপিপি অফিস, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং উপদেষ্টা প্রতিষ্ঠান আই আই এফ সি সমন্বিতভাবে কাজ করে যাচ্ছে।

তথ্য অধিকার আইন প্রণয়ন বর্তমান গণতান্ত্রিক সরকারের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এ আইনের এর ৬(৩) ধারা মোতাবেক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার নির্দেশনা রয়েছে। সে আলোকে বিটিএমসি তার কার্যক্রমের উপর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে। বস্ত্র ও পাট মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় ও সুযোগ্য সচিব মহোদয়ের পরামর্শে এবং বিটিএমসি'র সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে ২০২২-২৩ অর্থবছরের এই প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে। কমিটির সকল সদস্য ও তথ্য প্রদানকারী বিভাগীয় প্রধানগণের ভুমিকা অসামান্য। আশা করি এ প্রতিবেদন থেকে বিটিএমসি'র বাস্তব অবস্থা সম্পর্কে একটি রূপরেখা পাওয়া যাবে।

পরিশেষে বার্ষিক প্রতিবেদন প্রকাশ উপলক্ষ্যে আমি বিটিএমসি'র সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগনকে অভিনন্দন জানাই এবং মহান আল্লাহ রাব্বুল আলামিনের কাছে বিটিএমসি'র উত্তরোত্তর সাফল্য কামনা করি।

পরিচালক (বাণিজ্য)
বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন

# বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ এর  প্রকাশনা কমিটি



হাওলাদার মোঃ রকিবুল বারী
পরিচালক (বাণিজ্য)
আহবায়ক, কমিটি



মোঃ নূরুল আলম
মুখ্য পরিচালন কর্মকর্তা
সদস্য, কমিটি



সৈয়দ মোহাম্মদ জাহিদ হোসেন
পরিচালক (অর্থ ও নিরীক্ষা)
সদস্য, কমিটি



কাজী ফিরোজ হোসেন
প্রধান জনসংযোগ কর্মকর্তা
সদস্য, কমিটি



মোহাম্মদ সহিদ উল্ল্যা
জ্যেষ্ঠ উপ-প্রধান নিরীক্ষক
সদস্য, কমিটি



মোঃ কামরুল হাসান
উপ-মহাব্যবস্থাপক
সদস্য, কমিটি



নিলুফা আক্তার
ব্যবস্থাপক
সদস্য, কমিটি



রঞ্জন কুমার প্রসাদ
উপ-প্রধান হিসাব রক্ষক
সদস্য, কমিটি



মোঃ ইব্রাহিম মিয়া
ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ)
সদস্য-সচিব, কমিটি



সাব্বির আহমেদ
উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ)
সদস্য, কমিটি



প্রণতী রানী রায়
ব্যবস্থাপক (কোঃএ্যাঃ)
সদস্য-সচিব, কমিটি

# সূচীপত্র



| | | |
|---|---|---|
| ০১ | ভূমিকা | ৯ - ১০ |
| ০২ | ভিশন | ১১ |
| ০৩ | মিশন | ১১ |
| ০৪ | উদ্দেশ্য | ১১ |
| ০৫ | কার্যাবলী | ১১ |
| ০৬ | বিটিএমসি প্রধান কার্যালয়ের সাংগঠনিক কাঠামো | ১১ |
| ০৭ | বর্তমান পরিচালনা পর্ষদ ও মুখ্য পরিচালন কর্মকর্তা | ১২ |
| ০৮ | পরিচালনা পর্ষদের দায়িত্ব বন্টন | ১৩ |
| ০৯ | বিভাগীয় প্রধানগণ | ১৪ |
| ১০ | মানবসম্পদ উন্নয়ন | ১৫ |
| ১১ | প্রণোদনা | ১৫ |
| ১২ | বিটিএমসি প্রধান কার্যালয়ের অনুমোদিত সাংগঠনিক কাঠামো | ১৫ |
| ১৩ | অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবল | ১৬ |
| ১৪ | সিটিজেন চার্টার | ১৭ - ২২ |
| ১৫ | ২০২২-২৩ এবং ২০২১-২০২২ অর্থবছরের  আয়-ব্যয় ও বাজেট | ২৩ |
| ১৬ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) | ২৪ |
| ১৭ | অডিট আপত্তি সংক্রান্ত তথ্য | ২৪ |
| ১৮ | মামলা সংক্রান্ত তথ্য | ২৪ |
| ১৯ | মিল সংক্রান্ত তথ্য | ২৫ - ২৯ |
| ২০ | মিলের বিগত ০৫ (পাঁচ) বছরের পরিচালন আয় | ৩০ |
| ২১ | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও বাস্তবায়ন অগ্রগতি | ৩১ |
| ২২ | চতুর্থ শিল্প বিপ্লব এর কর্মপরিকল্পনা এবং বাস্তবায়নের চ্যালেঞ্জ | ৩১ |
| ২৩ | বিটিএমসি'র ২০২২-২৩ অর্থবছরের উদ্ভাবনী উদ্যোগ | ৩২ |
| ২৪ | SDG বাস্তবায়নে বিটিএমসি সংক্রান্ত কর্মপরিকল্পনা | ৩৩ |
| ২৫ | প্রকল্পসমূহ | ৩৪ |
| ২৬ | সমস্যা | ৩৫ |
| ২৭ | গুরুত্বপূর্ণ অর্জন | ৩৫-৩৬ |
| ২৮ | ভবিষ্যৎ কর্মপরিকল্পনা | ৩৬ |
| ২৯ | ফটো গ্যালারী | ৩৭-৩৯ |

## ভূমিকাঃ

যুদ্ধবিধ্বস্ত স্বাধীন বাংলাদেশের অর্থনীতিকে সচল করার লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সিদ্ধান্তে ১৯৭২ সালের ২৬ মার্চ The Bangladesh Industrial Enterprises (Nationalization) Order No 27 of 1972 (President Order No 27 of 1972) এর ক্ষমতাবলে Bangladesh Textile Mills Corporation (BTMC) গঠন করা হয়। President Order No 27 of 1972 এর মাধ্যমে জাতীয়করণকৃত ৭৪টি মিল নিয়ে ১৯৭২ সালের ১লা জুলাই তারিখে বিটিএমসি'র আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। বিটিএমসি'র কার্যাবলি প্রশাসনিক বিষয়াদি ও সাধারণ নির্দেশনা করপোরেশনের চেয়ারম্যানের নেতৃত্বে পরিচালক পর্ষদের উপর ন্যস্ত করা হয়।

বিটিএমসি গঠনের মূল লক্ষ্য জাতীয়করণকৃত এবং সরকারি বস্ত্র খাতের মিলগুলোর ব্যবস্থাপনা, পরিচালনা, তদারকি, সমন্বয় ও নিয়ন্ত্রণকরণ,নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপন ও উন্নয়নকরণ। স্বাধীনতা পরবর্তী দেশের জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে বস্ত্রের চাহিদা বৃদ্ধি,শিল্প স্থাপনে বেসরকারি উদ্যোক্তাদের উৎসাহিত করা, শিল্পায়নের মাধ্যমে বিদেশী নির্ভরতা হ্রাস করা এবং সর্বোপরি জনগনের কর্ম সংস্থানের লক্ষ্যে সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বিটিএমসি'র মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে আরও ১২টি শ্রমনিবিড় বস্ত্র শিল্প (Labour Intensive Textile Mills) স্থাপন করা হয়। ফলে বিটিএমসি'র মিল সংখ্যা দাড়ায় ৮৬টি। দেশের উপজেলা পর্যায় পর্যন্ত ১০৫টি বিক্রয় কেন্দ্র স্থাপনের মাধ্যমে বিটিএমসি'র মিলগুলোতে উৎপাদিত সুতা এবং কাপড় সাধারণ ভোক্তাদের নিকট ন্যায্য মূল্যে বিক্রয় করা হতো। স্বাধীনতা পরবর্তী দেশের সুতা ও বস্ত্রের চাহিদা সিংহভাগ পূরণে বিটিএমসি'র মিলগুলো অগ্রণী ভূমিকা পালন করেছে।

পরবর্তীতে সরকারের বিরাষ্ট্রীয়করণ শিল্প নীতির আওতায় জাতীয়করণকৃত বস্ত্র মিলগুলোর মধ্যে ৩৪টি মিল সাবেক বাংলাদেশী মালিকদের নিকট হস্তান্তর করা হয় এবং ১২টি মিল বেসরকারীকরণ করা হয়। লিকুইডেশন সেল কর্তৃক ৩টি মিল বিক্রি করা হয়েছে ও বিক্রির জন্য লিকুইডেশন সেলে ৪টি মিল ন্যস্ত রয়েছে। এছাড়াও শিল্পখাতে শ্রমিকদের অংশীদারিত্ব প্রদানের বিষয়টি বিবেচনা করে ৯টি মিল শ্রমিক-কর্মচারীদের মালিকানায় হস্তান্তর করা হয়। এভাবে ১৯৭৭ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত বিটিএমসি'র মোট ৫৮টি মিল বিক্রি, হস্তান্তর ও অবসায়ন করা হয়। বিটিএমসির নিয়ন্ত্রণে বর্তমানে মোট ২৫টি মিল রয়েছে। তন্মধ্যে ১টি মিল ভাড়া পদ্ধতিতে চালু আছে, ১টি মিল যথা- চিত্তরঞ্জন কটন মিলস্, নারায়ণগঞ্জ এ টেক্সটাইল পল্লী স্থাপনের কার্যক্রম বাস্তবায়নাধীন আছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বিটিএমসি'র ১৬ টি মিল পিপিপিতে পরিচালনার জন্য অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) হতে নীতিগত অনুমোদন দেয়া হয়। পিপিপি'র আওতায় পরিচালনার জন্য ১ম পর্যায়ে ০২ (দুই) টি মিলের (আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলস্ লিঃ, ডেমরা, ঢাকা ও কাদেরিয়া টেক্সটাইল মিলস্ লিঃ, টংগী, গাজীপুর) চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে। ২য় পর্যায়ে ০২টি মিল (আর.আর টেক্সঃমিল ও রাজশাহী টেক্সটাইল মিল) চুক্তি স্বাক্ষরের চূড়ান্ত পর্যায়ে রয়েছে এবং ৩য় পর্যায়ে ২টি মিলের (মাগুরা টেক্সঃ মিল ও দোস্ত টেক্সটাইল মিল) আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়েছে। টেক্সটাইল পল্লী স্থাপনের অনুমোদন পরিবর্তনপূর্বক খুলনা টেক্সটাইল মিলস্, খুলনা এ পিপিপি-র আওতায় বাস্তবসম্মত প্রকল্প বাস্তবায়নের জন্য পরিকল্পনাধীন রয়েছে। এছাড়াও জাতীয়করণকৃত বাস্তব সম্পদবিহীন নামমাত্র ৩টি মিল যথাক্রমে ১. পারুমা টেক্সটাইল মিলস লিঃ ২. এলাহী কটন মিলস লিঃ ৩. রুপালী কটন মিলস লিঃ বিটিএমসি'র তালিকায় আছে।

বিটিএমসি'র মিলসমূহের উৎপাদনের সাথে সংশ্লিষ্ট জনবলের দক্ষতা ও কারিগরী জ্ঞান প্রশিক্ষণের মাধ্যমে উন্নয়নের লক্ষ্যে বিটিএমসি কর্তৃক ১৯৭৯ সালে নয়ারহাট, সাভার, ঢাকায় ১৩.০৬ একর জমির উপর "টিআইডিসি" (Textile Industry Development Center) নামক একটি শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়। উক্ত শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রে দেশের সরকারি-বেসরকারি কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের কারিগরীসহ অন্যান্য প্রশাসনিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হতো। এছাড়াও টিআইডিসি'র ল্যাবে সরকারী-বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সূতা ও কাপড় পরীক্ষা-নিরীক্ষা করা হতো। প্রতিষ্ঠানটিকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে ১৯৯৪ সালে সম্পূর্ণ সরকারী অর্থায়নে বাংলাদেশ সরকার বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীনে "নিট্রেড" নামক উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম শুরু করে। জুন ২০০৭ সনে প্রকল্পটির কাজ সমাপ্তির পর সরকারের সিদ্ধান্ত অনুযায়ী বিটিএমসির প্রতিষ্ঠান নিট্রেডকে সরকারি-বেসরকারি সদস্যদের সমন্বয়ে গঠিত গভর্নিং বডির মাধ্যমে ম্যানেজমেন্ট কন্ট্রাক্ট-এ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পরিচালনার জন্য গত ০৮-০৯-২০০৮ তারিখে ২ বছর মেয়াদে চুক্তিপত্রের মাধ্যমে বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ)-কে ব্যবস্থাপনা পরিচালনার জন্য দায়িত্বভার প্রদান করা হয়। সাবেক টিআইডিসি এর নাম পরিবর্তন করে নিট্রেড (National Institute of Textile Training Research and Design) নামকরণ করা হয় এবং পরবর্তীতে বিটিএমএ নিট্রেড-এর নাম পরিবর্তন করে নিটার (National Institute of Textile Engineering and Research) নামকরণ করে। বর্তমানে প্রতিষ্ঠানটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের অন্তর্ভুক্ত হয়ে বিটিএমসি ও বিটিএমএ'র মধ্যে স্বাক্ষরিত একটি দ্বি-পাক্ষিক ব্যবস্থাপনা চুক্তির মাধ্যমে বিটিএমএ কর্তৃক পরিচালিত হচ্ছে।

ঢাকা চট্টগ্রামসহ বাংলাদেশের বিভিন্ন জেলা শহরের আকর্ষণীয় অবস্থানে স্থাপিত বিটিএমসি'র মিলগুলোতে প্রায় ৬২৩.৯৫ একর জমি রয়েছে। মিলগুলোতে স্থল, নৌ এবং বিমান যোগাযোগ ব্যবস্থাসহ সকল ইউটিলিটি সার্ভিসের সুবিধা বিদ্যমান রয়েছে। মিলগুলোর যন্ত্রপাতি ৪০/৫০ বছরের পুরনো প্রযুক্তির বিধায় নিজস্ব উদ্যোগে পরিচালনা করে মিলের আয় দ্বারা উৎপাদন ব্যয় নির্বাহ করা সম্ভব হচ্ছে না।

বর্তমানে সরকার রাষ্ট্রায়ত্ব মিলগুলোর সম্পদ অংশীদারিত্বের মাধ্যমে যথাযথ ব্যবহারে বেসরকারি দেশী-বিদেশী উদ্যোক্তাদের উৎসাহিত করছে। তাই দেশী-বিদেশী বিনিয়োগকারীদের সাথে পিপিপি ও যৌথ উদ্যোগে বিনিয়োগের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হচ্ছে। এ লক্ষ্যে বিটিএমসি'র মিলগুলো পর্যায়ক্রমে পিপিপি'র ও যৌথ উদ্যোগে বিনিয়োগের মাধ্যমে আধুনিকায়ন ও নতুন পরিবেশবান্ধব প্রকল্প গ্রহণপূর্বক আধুনিক স্পিনিং, উইভিং, ডাইং-ফিনিশিং সম্বলিত কম্পোজিট টেক্সটাইল শিল্প প্রতিষ্ঠান স্থাপনের পরিকল্পনার আওতায় ইতোমধ্যে পিপিপি কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পিপিপি এর আওতায় বিটিএমসি'র ১৬টি মিল পরিচালনার জন্য CCEA (Cabinet Committee on Economic Affairs)-এ নীতিগত অনুমোদন গ্রহণ করা হয়েছে। ১ম পর্যায়ে আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিল পিপিপি'র মাধ্যমে পরিচালনার লক্ষ্যে নির্বাচিত প্রাইভেট পার্টনার তানজিনা বাওয়ানী টেক্সটাইলস লিঃ এর সাথে ২৫/০৬/২০১৯খ্রিঃ তারিখে আনুষ্ঠানিকভাবে চুক্তি সম্পাদিত হয়েছে এবং কাদেরিয়া টেক্সটাইল মিলের নির্বাচিত প্রাইভেট পার্টনার ওরিয়ন কাদেরিয়া টেক্সটাইলস লিঃ এর সাথে ২১/০৭/২০১৯খ্রিঃ তারিখে আনুষ্ঠানিকভাবে চুক্তি সম্পাদিত হয়েছে। কাদেরিয়া টেক্সটাইল মিলের জমি গ্রীন ফিল্ড হিসেবে ০১/১২/২০১৯খ্রিঃ তারিখে হস্তান্তর করা হয়েছে। আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলের জমি হস্তান্তরের প্রক্রিয়াধীন রয়েছে। পিপিপি'র মাধ্যমে পরিচালনার লক্ষ্যে সিসিইএ কর্তৃক অনুমোদিত অবশিষ্ট ১৪টি মিলের মধ্যে ২য় পর্যায়ে ২টি মিল যথা- (১) আর, আর, টেক্সটাইল মিলস, সীতাকুন্ড, চট্রগ্রাম, (২) রাজশাহী টেক্সটাইল মিলস, রাজশাহী এর জন্য আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয় । মিল দুটি (আর.আর ও রাজশাহী টেক্সটাইল মিল) চুক্তি স্বাক্ষরের চূড়ান্ত পর্যায়ে রয়েছে এবং ৩য় পর্যায়ে ২টি মিলের (মাগুরা ও দোস্ত টেক্সটাইল মিল) আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়েছে। ৪র্থ পর্যায়ে দারোয়ানী টেক্সটাইল মিলস লিঃ, নীলফামারী ও দিনাজপুর টেক্সটাইল মিলস্ লিঃ, দিনাজপুর পিপিপি টেন্ডার আহবানের নিমিত্ত এর ফিজিবিলিটি স্টাডি, স্টেকহোল্ডার কনসালটেশন, Invitation For Bid (IFB) ও Draft Contact Document প্রস্তুতের জন্য পিপিপি কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত কনসালটেন্সি প্রতিষ্ঠান Infrastructure Investment Facilitation Company (আইআইএফসি) কর্তৃক কার্যক্রম চলমান রয়েছে। বিটিএমসি'র মিলসমূহ লিজ বা অন্য কোন লাভজনক প্রক্রিয়ায় চালুকরণের পরিকল্পনা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।

মিলগুলো পিপিপি'র মাধ্যমে চালু করার পরিকল্পনা অনুযায়ী বস্ত্র ও পাট মন্ত্রণালয়, পিপিপি কর্তৃপক্ষ, বিটিএমসি এবং উপদেষ্টা প্রতিষ্ঠান আইআইএফসি (অর্থ মন্ত্রণালয়ের অধীন) কাজ করে যাচ্ছে এবং ইনশাল্লাহ এগুলো অত্যন্ত দ্রুততার সাথে বাস্তবায়ন করা হবে। আশা করা যাচ্ছে এই পরিকল্পনা বাস্তবায়ন হলে বন্ধ মিলগুলো পূর্ণাঙ্গরূপে আধুনিকভাবে চালু হবে, যা ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে, শিল্পায়নের প্রসার ঘটবে, রাজস্ব আদায় বৃদ্ধি পাবে এবং রপ্তানী বাড়বে।

দেশের বিপুল চাহিদা পূরণের লক্ষ্যে এবং বস্ত্র সম্পর্কিত শিল্প প্রসারের উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের উৎসাহিত করার জন্য নারায়নগঞ্জের গোদনাইলে চিত্তরঞ্জন টেক্সটাইল মিলে ছোট ছোট প্লট তৈরী করে টেক্সটাইল পল্লী স্থাপনের প্রকল্প বাস্তবায়ন হচ্ছে। এ লক্ষ্যে মিলের জমিতে ২২টি প্লটের মধ্যে ১০টি প্লট বিক্রয় প্রক্রিয়া এবং হস্তান্তর কাজ সাফ-কবলা দলিলের মাধ্যমে সম্পন্ন হয়েছে। ১টি৬ প্লটে শিল্প প্রতিষ্ঠান স্থাপনপূর্বক উৎপাদন কার্যক্রম শুরু হয়েছে এবং অবশিষ্ট প্লটসমূহে শিল্প প্রতিষ্ঠান স্থাপনার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। অপরদিকে খুলনা টেক্সটাইল মিলের জমিতে খুলনা উন্নয়নকর্তৃপক্ষের বৃহত্তর নগর পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ উপযুক্ত প্রকল্প চিহ্নিত করে পাবলিক-প্রাইভেট-পার্টনারশীপ (পিপিপি) এ পরিচালনার জন্য পিপিপি কর্তৃপক্ষ, বস্ত্র ও পাট মন্ত্রনালয়,বিটিএমসি সমইন্বতভাবে কার্যক্রম পরিচালনা করছে। শীঘ্রই একটি উপযুক্ত প্রকল্প চিহ্নিতকরণ সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা গ্রহন করা হবে।

মিলগুলো পিপিপি'র মাধ্যমে চালু করার পরিকল্পনা অনুযায়ী বস্ত্র ও পাট মন্ত্রণালয়, পিপিপি কর্তৃপক্ষ, বিটিএমসি এবং উপদেষ্টা প্রতিষ্ঠান আইআইএফসি (অর্থ মন্ত্রণালয়ের অধীন) কাজ করে যাচ্ছে এবং ইনশাল্লাহ এগুলো অত্যন্ত দ্রুততার সাথে বাস্তবায়ন করা হবে। আশা করা যাচ্ছে এই পরিকল্পনা বাস্তবায়ন হলে বন্ধ মিলগুলো পূর্ণাঙ্গরূপে আধুনিকভাবে চালু হবে, যা ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে, শিল্পায়নের প্রসার ঘটবে, রাজস্ব আদায় বৃদ্ধি পাবে এবং রপ্তানী বাড়বে।

## রূপকল্প (Vision):

বস্ত্রশিল্পের বিকাশে সহায়ক ভূমিকা পালন করা।

## অভিলক্ষ্য (Mission):

বিটিএমসি'র মালিকানাধীন মিলসমূহ ও এর সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠান ও দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখা।

## উদ্দেশ্যসমূহ (Objectives):

১. পিপিপি'র মাধ্যমে বন্ধ মিল চালু করা;
২. সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করা;
৩. প্রশিক্ষণের মাধ্যমে বিদ্যমান জনবলের দক্ষতা বৃদ্ধি করা।


## বিটিএমসি'র কার্যাবলী:

১. অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) কর্তৃক অনুমোদিত ১৬টি মিল সফলভাবে পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর আওতায় পরিচালনার নিমিত্ত সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে সমন্বিতভাবে উদ্যোগ গ্রহণ এবং দেশী বিদেশী উদ্যোক্তাদের জন্য বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টিতে সকল সহায়তা প্রদান করা;

২. বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন ভাড়ায় পরিচালিত মিলসমূহ সুষ্ঠূভাবে পরিচালনা করা এবং বন্ধ মিলসমূহ পিপিপি, ভাড়া, লীজ অথবা অন্য কোন উপযুক্ত পদ্ধতিতে পরিচালনার জন্য উদ্যোগ গ্রহণ করা;

৩. বিটিএমসি প্রধান কার্যালয়সহ বিভিন্ন মিলের ভূমি ও স্থাপনার সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতের মাধ্যমে সংস্থার সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করা।

## বিটিএমসি প্রধান কার্যালয়ের সাংগঠনিক কাঠামো:



## বিটিএমসি'র বর্তমান পরিচালনা পর্ষদ ও মূখ্য পরিচালন কর্মকর্তা:



ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জিয়াউল হক
এনডিসি,এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান



জনাব হাওলাদার মোঃ রকিবুল বারী
পরিচালক (বাণিজ্য)



জনাব মোঃ নূরুল আলম
মুখ্য পরিচালন কর্মকর্তা



জনাব সৈয়দ মোহাম্মদ জাহিদ হোসেন
পরিচালক (অর্থ ও নিরীক্ষা)

## পরিচালনা পর্ষদঃ

(১) প্রত্যেক পরিচালনা পর্ষদ একজন চেয়ারম্যান এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্যূন ৬ (ছয়) জন পরিচালক সমন্বয়ে গঠিত হবে।

(২) চেয়ারম্যান এবং পরিচালক সরকার কর্তৃক নির্ধারিত শর্তে নির্দিষ্ট সময়ের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন।

(৩) চেয়ারম্যান বা অন্য কোন পরিচালক প্রয়োজনে যেকোনো সময় স্বীয়পদ ত্যাগ করিতে পারবেন: তবে শর্ত থাকে যে, তার পদত্যাগপত্র সরকার কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত কার্যকর হবে না।

## প্রধান নির্বাহীঃ

(১) প্রত্যেক পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রত্যেক কর্পোরেশনের প্রধান নির্বাহী হবেন।

(২) চেয়ারম্যান এবং পরিচালকগণ সরকার নির্ধারিত দায়িত্ব ও কর্তব্য পালন এবং কার্য সম্পাদন করবেন।

## পরিচালনা পর্ষদের সভাঃ

(১) এই ধারার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, পরিচালনা পর্ষদ সভার কার্যপদ্ধতি নির্ধারণ করতে পারবে।

(২) পরিচালনা পর্ষদের সভা, চেয়ারম্যানের সম্মতিক্রমে এবং তৎকর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

(৩) চেয়ারম্যান পরিচালনা পর্ষদদের সকল সভায় সভাপতিত্ব করবেন, তবে তার অনুপস্থিতিতে তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো পরিচালক সভাপতিত্ব করবেন।

(৪) অন্যূন ৪ (চার) জন পরিচালকের উপস্থিতিতে সভার কোরাম হবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোরামের প্রয়োজন হবে না।

(৫) পরিচালনা পর্ষদের সভায় প্রত্যেক পরিচালকের একটি করে ভোট থাকবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে, সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট থাকবে।

(৬) পরিচালক পদের কোন শূন্যতা অথবা পর্ষদ গঠনে কোনো ত্রুটির কারণে পরিচালনা পর্ষদের কোনো কার্য বা সিদ্ধান্ত

অবৈধ হবে না অথবা কোন প্রশ্ন উত্থাপন করা যাবে না।

## বিটিএমসি'র বিভাগীয় প্রধানগণঃ

| ক্র:নং | বিভাগ/শাখার নাম | বিভাগ/শাখা প্রধানগণের নাম ও পদবী | ছবি |
|---|---|---|---|
| ১. | বোর্ড শাখা | কাজী ফিরোজ হোসেন<br>প্রধান জনসংযোগ কর্মকর্তা |  |
| ২. | বাণিজ্য বিভাগ | কাজী ফিরোজ হোসেন<br>মহাব্যবস্থাপক |  |
| ৩. | নিরীক্ষা বিভাগ | মোহাম্মদ সহিদ উল্ল্যা<br>জ্যেষ্ঠ উপ-প্রধান নিরীক্ষক |  |
| ৪. | পারসনেল শাখা | মোঃ কামরুল হাসান<br>উপ-মহাব্যবস্থাপক |  |
| ৫. | অর্থ ও এমআইএস বিভাগ | প্রণতী রানী রায়<br>ব্যবস্থাপক ( কোং এ্যাঃ) |  |
| ৬. | কর্মচারী সংযোগ বিভাগ | নিলুফা আক্তার<br>ব্যবস্থাপক |  |
| ৭. | হিসাব বিভাগ | জনাব রঞ্জন কুমার প্রসাদ<br>উপ-প্রধান হিসাব রক্ষক |  |

| | | | |
|---|---|---|---|
| ৮. | কারিগরী বিভাগ | মোঃ ইব্রাহিম মিয়া<br>ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) |  |
| ১০. | সাধারণ কর্মশাখা | মোঃ ইব্রাহিম মিয়া<br>ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) |  |
| ১১. | উন্নয়ন বিভাগ | সাব্বির আহমেদ<br>উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ) |  |

## মানবসম্পদ উন্নয়নঃ

**দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিটিএমসিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের ২০২২-২৩ অর্থবছরে প্রদত্ত প্রশিক্ষণঃ**

| ক্রঃ নং | প্রশিক্ষণের বিষয় | সংস্থা/প্রতিষ্ঠানের নাম | প্রশিক্ষনার্থী |
|---|---|---|---|
| ০১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মশালা | বিটিএমসি | ৮০জন |
| ০২. | ই-জিপি সিস্টেমের উপর প্রশিক্ষণ | সিপিটিইউ | ২জন |
| ০৩. | আধুনিক অফিস ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ | বিটিএমসি | ২০জন |
| ০৫. | সিটিজেন চার্টার | বিটিএমসি | ৪০জন |
| ০৫. | সেবা সহজীকরণ | বিটিএমসি | ৩জন |
| ০৬. | ডি-নথির উপর প্রশিক্ষণ | আইসিটি ডিভিশন | ০৩জন |


## প্রনোদনাঃ

- সততা ও ভাল কাজের জন্য কর্মকর্তা/কর্মচারীদেরকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়;
- চিকিৎসা অনুদান প্রদান করা হয় ।

## বিটিএমসি প্রধান কার্যালয়ের অনুমোদিত সাংগঠনিক কাঠামোঃ


**(স্বেচ্ছাবসরের কারণে বিলুপ্ত পদ, অবশিষ্ট পদের চিত্রসহ):**

| ক্রঃ নং | বিবরণ | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | ৩য় শ্রেণী | ৪র্থ শ্রেণী | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | অনুমোদিত পদ সংখ্যা | ১৬২ | ৫২ | ১৮৭ | ১৩২ | **৫৩৩** |
| ২ | স্বেচ্ছাবসরের কারণে বিলুপ্ত পদ সংখ্যা | ৭৬ | ২৪ | ৫৩ | ৭৩ | **২২৬** |
| ৩ | স্বেচ্ছাবসর পরবর্তী পদ সংখ্যা | ৮৬ | ২৮ | ১৩৪ | ৫৯ | **৩০৭** |




## অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রধান কার্যালয়ের জনবলের শ্রেণী ভিত্তিক চিত্র ও বার চার্টঃ

| ক্রঃ নঃ | বিবরণ | ১ম শ্রেণী (স্থায়ী) | ২য় শ্রেণী (স্থায়ী) | ৩য় ও ৪র্থ শ্রেণী (স্থায়ী) | মোট |
|---|---|---|---|---|---|
| ১. | স্বেচ্ছাবসর পরবর্তী | ৮৬ | ২৮ | ১৯৩ | ৩০৭ |
| ২. | কর্মরত জনবল | ৩৮ | ১২ | ৪৭ | ৯৭ |
| ৩. | শূন্য পদ | ৪৮ | ১৬ | ১৪৬ | ২১০ |



## প্রতিশ্রুত সেবাসমূহ
### ক) নাগরিক সেবাঃ

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবী, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | ওয়ানস্টপ সার্ভিস | মৌখিকভাবে মিল ও পিপিপি সংক্রান্ত তথ্য প্রদান | (১) মৌখিকভাবে মিলের অবস্থান, মিলের আয়তন, মিলের বর্তমান অবস্থা এবং পিপিপি সম্পর্কে তথ্য প্রদান।<br>প্রাপ্তিস্থানঃ ৩য় তলা (বাণিজ্য শাখা) | বিনামূল্যে। | অফিস চলাকালীন | নামঃ জনাব কাজী ফিরোজ হোসেন<br>পদবীঃ প্রধান জনসংযোগ কর্মকর্তা, বোর্ড ও ইনচার্জ, বাণিজ্য বিভাগ, বিটিএমসি, ঢাকা।<br>ফোনঃ ৮১৮৯১৩২<br>মোবাঃ ০১৯১১-৩৫৮৮৯৯, ০১৭৮১-১৮০৬৫৬<br>ই-মেইলঃ<br>chief.public.officer@btmc.gov.bd |
| ২। | ঠিকাদারদের বিল প্রদান। | ঠিকাদার/সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত বিল পরীক্ষা এবং পরিশোধের কার্যক্রম গ্রহণ। | ১) কার্যাদেশের কপি<br>২) বিল/চালানের কপি<br>৩)কোয়ালিটি যাচাইপূর্বক প্রত্যয়নপত্রের কপি<br>প্রাপ্তিস্থান:হিসাব বিভাগ, ৩য় তলা, বিটিএমসি | কার্যাদেশ/ক্রয়াদেশ মোতাবেক পাওনা নির্ধারণ এবং চেকের মাধ্যমে বিল প্রদান। | বিল দাখিলের ১০ কার্যদিবসের মধ্যে | নামঃ বুশরাত বিনতে কাইয়ুম<br>পদবীঃ জ্যেষ্ঠ ভান্ডার কর্মকর্তা<br>হিসাব বিভাগ<br>মোবাইলঃ ০১৬৭৭১১৮৩৮০<br>ই-মেইল-bushratlamia86@gmail.com |
| ৩। | কার পার্কিং সুবিধা। | আবেদনের প্রেক্ষিতে পার্কিং এর জায়গা খালি থাকা সাপেক্ষে মাসিক ভাড়া পদ্ধতিতে কার পার্কিং সুবিধা। | ১)বিজ্ঞপ্তি প্রকাশ (বিটিএমসি'র ওয়েবসাইট www.btmc.gov.bd ও জাতীয় পত্রিকা)।<br>২) ভাড়া নির্ধারণ কমিটির সভা<br>৩) কর্তৃপক্ষের অনুমোদন<br>৪) চুক্তি সম্পাদন<br>৫) দখলস্বত্ব হস্তান্তর।<br>প্রাপ্তিস্থানঃ ৩য় তলা (উন্নয়ন বিভাগ) | ভাড়ার মূল্য নগদ/ ডিডির মাধ্যমে পরিশোধ। | ১৫ কার্যদিবস | নামঃ জনাব খায়রুল ইসলাম,<br>পদবীঃ সহ-প্রধান হিসাব রক্ষক,<br>উন্নয়ন বিভাগ।<br>মোবাইলঃ ০১৯১২৫৫০৮৩৩<br>ই-মেইলঃ<br>assistant.chief.accountant3@btmc.gov.bd |
| ৪। | ক্রয়কৃত পণ্য ও সেবার জন্য মূল্য পরিশোধ। | পার্টি/ব্যাক্তিবর্গ কর্তৃক দাখিলকৃত বিল পরীক্ষা এবং পরিশোধের কার্যক্রম গ্রহণ। | ১) বিলের কপি<br>২) কোটেশন<br>৩) ক্রয় কমিটির প্রত্যয়নপত্রের কপি<br>প্রাপ্তিস্থান:হিসাব বিভাগ, ৩য় তলা, বিটিএমসি | চেকের মাধ্যমে বিল প্রদান। | বিল দাখিলের ১০ কার্যদিবসের মধ্যে। | নামঃ বুশরাত বিনতে কাইয়ুম<br>পদবীঃ জ্যেষ্ঠ ভান্ডার কর্মকর্তা<br>হিসাব বিভাগ<br>মোবাইলঃ ০১৬৭৭১১৮৩৮০<br>ই-মেইলঃ-<br>bushratlamia86@gmail.com |

### খ) প্রাতিষ্ঠানিক সেবাঃ

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবী, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | পিপিপি'র আওতায় মিল চালু করা। | পিপিপি'র আওতায় পরিচালনার জন্য সিসিইএ হতে নীতিগত অনুমোদন প্রাপ্ত বিটিএমসির ১৬টি মিল সংক্রান্ত তথ্য সম্ভাব্য বিনিয়োগকারীদের সরবরাহ করা। | ১) আন্তর্জাতিক দরপত্রে অংশগ্রহণ<br>২) সিডিউল ক্রয়<br>৩) নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিল<br>৪) মূল্যায়ন কমিটির মাধ্যমে বিনিয়োগকারী নির্ধারণ।<br>৫) পিপিপি'র আওতায় ১৬টি মিলের তালিকা<br>সংস্থার বাণিজ্য বিভাগ ।<br>প্রাপ্তিস্থানঃ ৩য় তলা | বিনামূল্যে। | অফিস চলাকালীন | নামঃ জনাব কাজী ফিরোজ হোসেন,<br>পদবীঃ প্রকল্প পরিচালক এবং প্রধান জনসংযোগ কর্মকর্তা, বোর্ড ও ইনচার্জ ,বাণিজ্য বিভাগ, বিটিএমসি, ঢাকা।<br>ফোনঃ ৮১৮৯১৩২<br>মোবাঃ ০১৯১১-৩৫৮৮৯৯, ০১৭৮১-১৮০৬৫৬<br>ই-মেইলঃ<br>chief.public.officer@btmc.gov.bd |
| ২। | বিটিএমসি ভবনের ফ্লোর ভাড়া প্রদান। | ফ্লোর খালি হওয়া সাপেক্ষে পত্রিকায় বিজ্ঞপ্তি এবং নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশ করা। | ১) বিজ্ঞপ্তি (বিটিএমসি'র ওয়েবসাইট www.btmc.gov.bd ও জাতীয় পত্রিকা)।<br>২) ভাড়া নির্ধারণ কমিটির সভা<br>(৩) কর্তৃপক্ষের অনুমোদন<br>(৪) চুক্তি সম্পাদন<br>৫) দখলস্বত্ব হস্তান্তর।<br>প্রাপ্তিস্থানঃ ৩য় তলা (উন্নয়ন)<br>উন্নয়ন বিভাগ ও হিসাব বিভাগ , বিটিএমসি। | তফসীল ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ ডিডি এর মাধ্যমে পরিশোধ। | স্পেস খালি হওয়া সাপেক্ষে ২০ (বিশ) দিনের মধ্যে। | নামঃজনাব খায়রুল ইসলাম,<br>পদবীঃ সহ-প্রধান হিসাব রক্ষক,<br>উন্নয়ন বিভাগ।<br>মোবাইলঃ ০১৯১২৫৫০৮৩৩<br>ই-মেইলঃ assistant.chief.accountant3@btmc.gov.bd |
| ৩। | বিটিএমসি নিয়ন্ত্রণাধীন মিল সমূহের খালি গুদাম, স্থাপনা ইত্যাদি ভাড়া প্রদান সংক্রান্ত কার্যক্রম। | টেন্ডারের মাধ্যমে ভাড়া ব্যবস্থা গ্রহণ করা হয়। | ১) বিজ্ঞপ্তি (জাতীয় ও আঞ্চলিক পত্রিকা)।<br>২) টেন্ডার সংক্রান্ত সিডিউল বিক্রয়।<br>৩) মিলের টেন্ডার কমিটি কর্তৃক সুপারিশ ও বিটিএমসি কর্তৃপক্ষের অনুমোদন<br>৪) চুক্তি সম্পাদন<br>৫) দখলস্বত্ব হস্তান্তর।<br>বাণিজ্য বিভাগ, হিসাব বিভাগ, উন্নয়ন বিভাগ ও সংশ্লিষ্ট মিল।<br>প্রাপ্তিস্থানঃ ৩য় তলা | দরপত্রের সিডিউলের মূল্য নগদে পরিশোধযোগ্য। | ৩০ কার্যদিবস | জনাব মো: সালাহ্উদ্দীন,<br>হিসাব কর্মকর্তা<br>উন্নয়ন বিভাগ<br>মোবাইলঃ ০১৭১৩৯৯১৯৯০<br>ই-মেইলঃ- salahuddinnub@gmail.com |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবী, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৪। | আয়কর, সরবরাহকারীর বিলের উপর প্রদত্ত ভ্যাট, ট্যাক্স ইত্যাদি সরকারী কোষাগারে জমা প্রদান। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও ব্যক্তির নিকট হতে কর্তনকৃত অর্থ।সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক প্রাপ্ত বিলের ভিত্তিতে। | ১) জমাকৃত চালানের ফটোকপি হিসাব বিভাগ, বিটিএমসি, ঢাকা। প্রাপ্তিস্থানঃ ৩য় তলা | চালানের মাধ্যমে প্রদান। | ১০ কার্যদিবস | নামঃ জনাব রঞ্জন কুমার প্রসাদ<br>পদবীঃ উপ-প্রধান হিসাবরক্ষক , হিসাব বিভাগ<br>মোবাইলঃ ০১৭১২-৮৪৮৪৯৮<br>ই-মেইলঃ chief.accountant.b@btmc.gov.bd |
| ৫। | পণ্য/সেবা ক্রয়ের ক্ষেত্রে বিজ্ঞপ্তি প্রকাশ ও দরপত্র প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদনের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | টেন্ডারের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। | ১)বিজ্ঞপ্তি (বিটিএমসি'র ওয়েবসাইট www.btmc.gov.bd ও জাতীয় পত্রিকা)।<br>২) টেন্ডার সংক্রান্ত সিডিউল বিক্রয়।<br>৩) টেন্ডার কমিটি কর্তৃক সুপারিশ ও কর্তৃপক্ষের অনুমোদন<br>৪) ক্রয় আদেশ জারী।<br>সাধারণ কর্মশাখা।<br>প্রাপ্তিস্থানঃ ২য় তলা | চেকের মাধ্যমে প্রদান। | ১০ কার্যদিবস | নামঃ জনাব মোঃ ইব্রাহীম মিয়া<br>পদবীঃ ব্যবস্থাপক (মান:)<br>সাধারণ কর্মশাখা।<br>মোবাইল: ০১৭১৪-৫৮২৫৮১<br>ফোন নম্বর:০২৫৫০১২৭৩৭<br>ই-মেইলঃ gm.technical.b@btmc.gov.bd |

### গ) অভ্যন্তরীণ সেবাঃ


| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবী, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | অর্জিত ছুটি (দেশের অভ্যন্তরে)। | বস্ত্রশিল্প কর্পোরেশন প্রবিধানমালা ১৯৮৯ অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনের মাধ্যমে কার্যক্রম গৃহীত হয়। | ১) আবেদন পত্র<br>২) অর্জিত ছুটির অনুমোদন<br>৩) অর্জিত ছুটি মঞ্জুরের আদেশ জারী<br>প্রাপ্তিস্থানঃ ২য় তলা<br>পারসনেল শাখা, বিটিএমসি, ঢাকা। | বিনামূল্যে। | ০২ কার্যদিবস | নামঃ বেগম ফারজানা হক<br>পদবীঃ সহঃ ব্যবস্থাপক,পারসনেল শাখা, বিটিএমসি, ঢাকা।<br>মোবাইলঃ ০১৭২২৯৭০১৮০,<br>ই-মেইলঃ<br>am.admin@btmc.gov.bd |
| ২। | অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ)। | কর্মকর্তাদের বহিঃ বাংলাদেশ ছুটি বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়ে থাকে এবং কর্মচারীদের বিটিএমসি পর্যায়ে কর্তৃপক্ষের অনুমোদনের পর কার্যকর হয়ে থাকে। | ১) আবেদন পত্র<br>২) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে ছুটির আবেদন প্রেরণ<br>৩) বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক ছুটি অনুমোদিত হয় এবং বিটিএমসি অফিস আদেশ জারী করে।<br>প্রাপ্তিস্থানঃ ২য় তলা<br>পারসনেল শাখা, বিটিএমসি, ঢাকা। | বিনামূল্যে। | ০৭ কার্যদিবস | নামঃ বেগম ফারজানা হক<br>পদবীঃ সহঃ ব্যবস্থাপক,পারসনেল শাখা, বিটিএমসি, ঢাকা।<br>মোবাইলঃ ০১৭২২৯৭০১৮০,<br>ই-মেইলঃ<br>am.admin@btmc.gov.bd |
| ৩। | শ্রান্তি বিনোদন ছুটি। | আবেদন পাওয়ার পর শ্রান্তি বিনোদনভাতা বিধিমালা-১৯৭৯ অনুযায়ী নিষ্পত্তি করে অফিস আদেশ জারী করা। | ১) আবেদন পত্র<br>২) পূর্ববর্তী শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরীর কপি<br>৩) মঞ্জুরের আদেশ জারী<br>প্রাপ্তিস্থানঃ ২য় তলা<br>পারসনেল শাখা, বিটিএমসি, ঢাকা। | বিনামূল্যে। | ০৭ কার্যদিবস | নামঃ বেগম ফারজানা হক<br>পদবীঃ সহঃ ব্যবস্থাপক,পারসনেল শাখা, বিটিএমসি, ঢাকা।<br>মোবাইলঃ ০১৭২২৯৭০১৮০,<br>ই-মেইলঃ<br>am.admin@btmc.gov.bd |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবী, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৪। | পিআরএল মঞ্জুরী | প্রবিধানমালা অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনের মাধ্যমে কার্যক্রম গৃহীত হয়। | (১) আবেদনের কপি<br>২) অবসর আদেশের কপি<br>৩) এলপিসি<br>৪)পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ছবি<br>(৫) জাতীয় পরিচয় পত্রের কপি<br>৬) মৃত্যু সনদ<br>পারসনেল শাখা, বিটিএমসি, ঢাকা।<br>প্রাপ্তিস্থানঃ ২য় তলা | বিনামূল্যে। | ১৫ কার্যদিবস | নামঃ জনাব মোঃ কামরুল হাসান<br>পদবীঃ উপ-মহাব্যবস্থাপক, পারসনেল শাখা, বিটিএমসি, ঢাকা।<br>ফোন-৯১৩৯০০৫,<br>মোবাইলঃ ০১৭১৬৬২৮৬২৮,<br>ই-মেইলঃ<br>dgm.personnel@btmc.gov.bd |
| ৫। | প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলী। | উর্ধ্বতন বিশেষজ্ঞ প্রশিক্ষকদের আমন্ত্রণ জানানো ও বিটিএমসি পর্যায়ের অভ্যন্তরীণ কর্মকর্তা। | ১) প্রশিক্ষণার্থীর তালিকা প্রস্তুতকরণ<br>২) কর্তৃপক্ষের অনুমোদন<br>৩) অফিস আদেশ জারী<br>পারসনেল শাখা, বিটিএমসি, ঢাকা।<br>প্রাপ্তিস্থানঃ ২য় তলা | বিনামূল্যে। | ০৭ কার্যদিবস | নামঃ জনাব মোঃ মাহমুদ হাসান<br>পদবীঃ সহঃ ব্যবস্থাপক (শ্রম), পারসনেল শাখা, বিটিএমসি, ঢাকা।<br>মোবাইলঃ ০১৭৪৪৭৭৯৮৭৬,<br>ই-মেইলঃ am.labour2@btmc.gov.bd |
| ৬। | পরিবহণ ব্যবস্থাপনা | সেবা প্রার্থী (কর্মকর্তা/কর্মচারী) সরাসরি বিটিএমসি'র পরিবহন ব্যবস্থাপনা সফট্ওয়্যারের মাধ্যমে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে গাড়ী খালী থাকা সাপেক্ষে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সেবা প্রদান। | ১) পরিবহন ব্যবস্থাপনা সফট্ওয়্যারের মাধ্যমে আবেদন।<br>সাধারণ কর্ম শাখা, বিটিএমসি, ঢাকা।<br>প্রাপ্তিস্থানঃ ২য় তলা | বিনামূল্যে। | অফিস চলাকালীন | নামঃ জনাব মীর হোসেন<br>পদবীঃ সহঃ মাননিয়ন্ত্রণ কর্মকর্তা, সাকশা, বিটিএমসি, ঢাকা।<br>মোবাইলঃ ০১৭১৯৪১০১৭৭<br>ই-মেইলঃ<br>asst.qc.officers3@btmc.gov.bd |

## ৩. আপনার (সেবা গ্রহীতা) কাছে আমাদের (সেবা দাতা) প্রত্যাশা

| ক্র:নং | প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ০১. | স্বয়ংসম্পূর্ণ আবেদন জমা প্রদান |
| ০২. | যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় ফিস পরিশোধ |
| ০৩. | প্রযোজ্য ক্ষেত্রে মোবাইল মেসেজ/ইমেইলের নির্দেশনা অনুসরণ করা |
| ০৪. | সাক্ষাতের জন্য ধার্য্য তারিখে নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা |
| ০৫. | অনাবশ্যক ফোন/তদবির না করা |

## বিগত দুই বছরে (২০২২-২৩ ও  ২০২১-২২) আয়-ব্যয় ও লাভ/লোকসানের তুলনামূলক চিত্রঃ




| ক্রমিক নং | বিবরণ | ২০২২-২৩ | ২০২১-২২ |
|---|---|---|---|
| ১ | আয় (কোটি টাকা) | ১৬.২০ | ১৬.৬৩ |
| ২ | ব্যয় (কোটি টাকা) | ১৩.৫৭ | ১২.৯৭ |
| ৩ | লাভ/ লোকসান (কোটি টাকা) | ২.৬৩ | ৩.৬৬ |

## একনজরে বিটিএমসি’র বাজেটঃ

**(ক) ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট** **(অংকঃ কোটি টাকায়)**

| ক্রমিক নং | বিবরণ | প্রধান কার্যালয় | মিল | মোট |
|---|---|---|---|---|
| **০১** | **০২** | **০৩** | **০৪** | **০৫ (৩+৪)** |
| (ক) | আয়ঃ | ২৬.৫৫ | ২.১৪ | ২৮.৬৯ |
| (খ) | ব্যয়ঃ | | | |
| | ১। মজুরী ও বেতনভাতা | ৮.৪৫ | ৩.৭৩ | ১২.১৮ |
| | ২। অন্যান্য ব্যয় | ১৮.৮১ | ১৪.৩৫ | ৩৩.১৬ |
| **(গ)** | **ব্যয় উদ্বৃত্ত আয়** | **(০.৭১)** | **(১৫.৯৪)** | **(১৬.৬৫)** |
| (ঘ) | মূলধন ব্যয় | ০.৫৬ | ০.৩৩ | ০.৮৯ |
| (ঙ) | মোট ব্যয় (খ+ ঘ) | ২৭.৮২ | ১৮.৪১ | ৪৬.২৩ |

❖ **সুদ ও অবচয় অন্তর্ভুক্ত রয়েছে।**

**(খ) ২০২৩-২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট** **(অংকঃ কোটি টাকায়)**

| ক্রমিক নং | বিবরণ | প্রধান কার্যালয় | মিল | মোট |
|---|---|---|---|---|
| **০১** | **০২** | **০৩** | **০৪** | **০৫ (৩+৪)** |
| (ক) | আয়ঃ | ২৮.১২ | ২.১৬ | ৩০.২৮ |
| (খ) | ব্যয়ঃ | | | |
| | ১। মজুরী ও বেতনভাতা | ৭.৬৮ | ৩.২২ | ১০.৯০ |
| | ২। অন্যান্য ব্যয় | ২২.১৯ | ১৩.৮৭ | ৩৬.০৬ |
| **(গ)** | **ব্যয় উদ্বৃত্ত আয়** | **(১.৭৫)** | **(১৪.৯৩)** | **(১৬.৬৮)** |
| (ঘ) | মূলধন ব্যয় | ৫.৯০ | ১.৪২ | ৭.৩২ |
| **(ঙ)** | **মোট ব্যয় (খ+ ঘ)** | **৩৫.৭৭** | **১৮.৫১** | **৫৪.২৮** |

❖ **সুদ ও অবচয় অন্তর্ভুক্ত রয়েছে।**

**চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন এবং সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন প্রতিবেদন:**

চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন এবং সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মধ্যে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২৮ জুন ২০২২ খ্রি: তারিখে স্বাক্ষরিত হয়। ২০২২-২৩ অর্থবছরে এপিএ চুক্তির কর্মসম্পাদনের ক্ষেত্র; [১] মানবসম্পদ উন্নয়ন [২] বস্ত্রখাতে বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ [৩] বিটিএমসি'র আয় বৃদ্ধিকরণ ও [৪] বিটিএমসি নিয়ন্ত্রণাধীন মিলসমূহ পরিবীক্ষণ এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন, বিভিন্ন কমিটি গঠন, প্রধান কার্যালয় ও অধ:স্তন অফিসে সভা ও সেমিনারের আয়োজন, কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ, সেবা প্রদান প্রতিশ্রুতি , ওয়েবসাইট হালনাগাদকরণ, নৈতিকতা বিষয়ে কর্মকর্তাদের ও কর্মচারীদের প্রশিক্ষণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ইত্যাদি লক্ষ্যমাত্রা অনুযায়ী সফলভাবে অর্জিত হয়েছে।

## অডিট আপত্তিঃ

০১-০৭-২০২২ থেকে ৩০-০৬-২০২৩ পর্যন্ত বিটিএমসি এবং মিল/প্রতিষ্ঠানসমূহের অডিট আপত্তির সংখ্যা ও আর্থিক সংশ্লেষঃ

ক) ক্রমপুঞ্জিভুত আপত্তি ও নিষ্পত্তির চিত্রঃ

| সংস্থা | প্রারম্ভিক | নতুন প্রাপ্ত | মোট | নিষ্পত্তি | অনিষ্পন্ন | আর্থিক সংশ্লেষ (কোটি টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| **বিটিএমসি** | ১৫৩ | ০ | ১৫৩ | ১০ | ১৪৩ | ২৪১৩.২৫ |
| **মিল** | ৭১২ | ০ | ৭১২ | ২৪ | ৬৮৮ | ১৭৮.৩৭ |
| মোট: | **৮৬৫** | **০** | **৮৬৫** | **৩৪** | **৮৩১** | **২৫৯১.৬২** |

খ) অমীমাংসিত আপত্তির শ্রেণী বিন্যাস:

| সংস্থা | সাধারণ | অগ্রিম | ডিপি | সংকলন ভুক্ত | মোট |
|---|---|---|---|---|---|
| **বিটিএমসি** | ২০ | ১২১ | ০ | ০২ | **১৪৩** |
| **মিল** | ৪৭ | ৬১১ | ৬ | ২৪ | **৬৮৮** |
| মোট: | **৬৭** | **৭৩২** | **৬** | **২৬** | **৮৩১** |

## মামলা সংক্রান্ত তথ্যঃ

| ক্র: নং | বিবরণ | জুলাই'২২ পর্যন্ত মামলার সংখ্যা | ২০২২-২৩ অর্থ বছরে আগত মামলা | ২০২২-২৩ অর্থ বছরে নিষ্পত্তিকৃত মামলা | বিদ্যমান মামলা |
|---|---|---|---|---|---|
| ১. | বিটিএমসি কর্তৃক পরিচালিত মামলা | ১২৯ | ১ | ১৫ | ১১৫ |
| ২. | বিভিন্ন মিল কর্তৃক পরিচালিত মামলা | ১৯১ | ১১ | ৬০ | ১৪২ |
| | **মোট:** | **৩২০** | **১২** | **৭৫** | **২৫৭** |

## মিল সংক্রান্ত তথ্যঃ

জাতীয়করণ পরবর্তী সর্বশেষ (২০২২-২০২৩ পর্যন্ত) মিলসমূহের সংখ্যা তথ্যঃ


| ক্রমিক নং | মিলের শ্রেনী | মিলের সংখ্যা |
|---|---|---|
| ০১ | বিটিএমসি নিয়ন্ত্রণাধীন | ২৫ |
| ০২ | শ্রমিক-কর্মচারীদের মালিকানায় হস্তান্তরিত | ০৯ |
| ০৩ | দরপত্রের মাধ্যমে বিক্রিত (প্রাইভেটাইজেশন কমিশন ও শিল্প মন্ত্রণালয় কর্তৃক) | ১২ |
| ০৪ | সাবেক মালিকদের নিকট হস্তান্তরিত | ৩০ |
| ০৫ | লিকুইডেশন সেলের মাধ্যমে বিক্রিত | ০৩ |
| ০৬. | লিকুইডেশন সেলের নিকট ন্যস্ত | ০৪ |
| ০৭ | জাতীয়করণকৃত বাস্তব সম্পদবিহীন নামসর্বস্ব | ০৩ |
| | মোট | ৮৬ |

## ১। বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন ২৫টি মিল

| ক্রঃ নং | মিলের নাম | ঠিকানা | স্থাপনার বছর | টাকুর সংখ্যা |
|---|---|---|---|---|
| **ভাড়া পদ্ধতিতে পরিচালিত ১টি মিলঃ** | | | | |
| ০১. | বেংগল টেক্সটাইল মিলস লিঃ | যশোর | ১৯৬২ | ১৭২৯৬ |
| **টেক্সটাইল পল্লী স্থাপনের প্রক্রিয়াধীন ১টি মিলঃ** | | | | |
| ০২. | চিত্তরঞ্জন কটন মিলস্ লিঃ | নারায়ণগঞ্জ | ১৯২৯ | ১৯৮০৪ |
| **পিপিপি'র আওতায় কার্যকরী কোন প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনাধীন ১টি মিলঃ** | | | | |
| ০৩. | খুলনা টেক্সটাইল মিলস্ লিঃ | খুলনা | ১৯৩১ | ১২৪৪৮ |
| | **পিপিপি'র আওতায় পরিচালনার লক্ষ্যে হস্তান্তরিত ১টি মিলঃ** | | | |
| ০৪. | কাদেরিয়া টেক্সটাইল মিলস্ লিঃ | টংগী | ১৯৬২ | ১৬৮২৪ |
| **পিপিপি'র আওতায় পরিচালনার লক্ষ্যে হস্তান্তর প্রক্রিয়াধীন ১টি মিলঃ** | | | | |
| ০৫. | আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলস লি: | ঢাকা | ১৯৫৪ | ৩৩১১৬ |
| **পিপিপি'র আওতায় পরিচালনার লক্ষ্যে দরপত্র মূল্যায়ন সম্পন্ন ২টি মিলঃ** | | | | |
| ০৬. | আর আর টেক্সটাইল মিলস্ লিঃ | চট্টগ্রাম | ১৯৬৩ | ৩১৪০০ |
| ০৭. | রাজশাহী টেক্সটাইল মিলস্ | রাজশাহী | ১৯৭৫ | ২৫০৫৬ |
| **পিপিপি'র আওতায় পরিচালনার লক্ষ্যে দরপত্র আহবানকৃত ২টি মিলঃ** | | | | |
| ০৮. | দোস্ত টেক্সটাইল মিলস্ লিঃ | ফেনী | ১৯৬১ | ২০০০০ |
| ০৯. | মাগুরা টেক্সটাইল মিলস্ লিঃ | মাগুরা | ১৯৮১ | ২৫০৫৬ |

| বন্ধ ৯টি মিলঃ | | | | |
|---|---|---|---|---|
| ১০. | টাংগাইল কটন মিলস্ লিঃ | টাংগাইল | ১৯৬২ | ১৩৬৫৬ |
| ১১. | সুন্দরবন টেক্সটাইল মিলস্ লিঃ | সাতক্ষীরা | ১৯৮০ | ২৪৯৬০ |
| ১২. | দিনাজপুর টেক্সটাইল মিলস্ লিঃ | দিনাজপুর | ১৯৭৫ | ২৯৩৭৬ |
| ১৩. | কুড়িগ্রাম  টেক্সটাইল মিলস্ | কুড়িগ্রাম | ১৯৮৪ | ১২৫২৮ |
| ১৪. | ভালিকা উলেন মিলস্ লি: | চট্টগ্রাম | ১৯৬৩ | ৩২০০ |
| ১৫. | সিলেট টেক্সটাইল মিলস্ | সিলেট | ১৯৭৮ | ২৫০৫৬ |
| ১৬. | দারোয়ানী টেক্সটাইল মিলস্ লিঃ | নীলফামারী | ১৯৭৭ | ২৫০৫৬ |
| ১৭. | আমিন টেক্সটাইলস্ লিঃ | চট্টগ্রাম | ১৯৬১ | ১৮৪০০ |
| ১৮. | রাংগামাটি টেক্সটাইল মিলস্ লিঃ | রাংগামাটি | ১৯৭৭ | ১৮৫৭৬ |
| **পুনঃগ্রহনকৃত ৭টি মিলঃ** | | | | |
| ১৯. | আফসার কটন মিলস্ লিঃ (হস্তান্তরিত) | সাভার | ১৯৭০ | ১২৪০০ |
| ২০. | জলিল টেক্সটাইল মিলস্ লিঃ (হস্তান্তরিত) | চট্টগ্রাম | ১৯৬১ | ১২৪০০ |
| ২১. | এশিয়াটিক কটন মিলস্ লিঃ (হস্তান্তরিত) | চট্টগ্রাম | ১৯৫৯ | ২৬৬০৮ |
| ২২. | ঈগল ষ্টার টেক্সটাইল মিলস্ লিঃ (হস্তান্তরিত) | চট্টগ্রাম | ১৯৭২ | ২০৭৩৬ |
| ২৩. | কোকিল টেক্সটাইল মিলস্ লিঃ (বিক্রিত) | ব্রাক্ষ্মনবাড়িয়া | ১৯৬১ | ১৭৭২৮ |
| ২৪. | মাদারীপুর টেক্সটাইল মিলস্ (বিক্রিত) | মাদারীপুর | ১৯৭৬ | ২৫০৫৬ |
| ২৫. | কিশোরগঞ্জ টেক্সটাইল মিলস্ (বিক্রিত) | কিশোরগঞ্জ | ১৯৭৮ | ২৫০৫৬ |

# মানচিত্রে বিটিএমসি নিয়ন্ত্রণাধীন ২৫টি মিলের অবস্থানঃ



## ২। শ্রমিক-কর্মচারীদের মালিকানায় হস্তান্তরিত ০৯টি মিলঃ

| ক্রঃ নং | মিলের নাম | ঠিকানা | স্থাপনার বছর | হস্তান্তরের বছর |
|---|---|---|---|---|
| ১ | ফাইন কটন মিলস্ লিঃ | টংগী, গাজীপুর | ১৯৬১ | ২০০১ |
| ২ | লক্ষ্মীনারায়ন কটন মিলস্ লিঃ | নারায়ণগঞ্জ | ১৯২৫ | ২০০১ |
| ৩ | মেঘনা টেক্সটাইল মিলস্ লিঃ | টংগী, গাজীপুর | ১৯৬২ | ২০০১ |
| ৪ | পাইলন ইন্ডাষ্ট্রিজ লিঃ | চট্টগ্রাম | ১৯৬৩ | ২০০১ |
| ৫ | অলিম্পিয়া টেক্সটাইল মিলস্ লিঃ | টংগী, গাজীপুর | ১৯৫২ | ২০০১ |
| ৬ | ক্যারিলিন সিল্ক মিলস্ লিঃ | চট্টগ্রাম | ১৯৬৪ | ২০০১ |
| ৭ | মন্নু টেক্সটাইল মিলস্ লিঃ | টংগী, গাজীপুর | ১৯৬১ | ২০০১ |
| ৮ | ঢাকা কটন মিলস্ লিঃ | পোস্তগোলা, ঢাকা | ১৯৩৮ | ২০০১ |
| ৯ | ন্যাশনাল কটন মিলস্ লিঃ | চট্টগ্রাম | ১৯৩৯/৭৬ | ২০১০ |

## ৩। দরপত্রের মাধ্যমে বিক্রিত ১২টি মিলঃ

| ক্রঃ নং | মিলের নাম | ঠিকানা | হস্তান্তরের তারিখ |
|---|---|---|---|
| শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে বিক্রিত ৩টি মিলঃ | | | |
| ১ | আব্বাসী থ্রেড লিঃ | চট্রগ্রাম | ০৪/০৫/১৯৭৭ খ্রিঃ |
| ২ | ইষ্টার্ন টেক্সটাইল লিঃ | চট্রগ্রাম | নভেম্বর'১৯৭৮ খ্রিঃ |
| ৩ | জরি টেক্সটাইল মিলস্ লিঃ | চট্রগ্রাম | নভেম্বর'১৯৭৮ খ্রিঃ |
| প্রাইভেটাইজেশন কমিশনের মাধ্যমে বিক্রিত ০৯টি মিলঃ | | | |
| ৪ | রয়েল ইন্ডাষ্ট্রিজ লিঃ | চট্রগ্রাম | ৩০/১১/১৯৯৭ খ্রিঃ |
| ৫ | বরিশাল টেক্সটাইল মিলস্ | বরিশাল | ২৮/০৫/১৯৯৭ খ্রিঃ |
| ৬ | কোহিনুর স্পিনিং মিলস্ | সাভার | ১৫/০২/১৯৯৫ খ্রিঃ |
| ৭ | জোফাইন ফেব্রিক্স লিঃ | সাভার | ২৫/০২/১৯৯৫ খ্রিঃ |
| ৮ | শারমিন টেক্সটাইল মিলস্ লিঃ | নারায়নগঞ্জ | ১৫/১২/১৯৯৫ খ্রিঃ |
| ৯ | জিনাত টেক্সটাইল মিলস্ লিঃ | টংগী,গাজীপুর | ১৭/০৭/২০০১ খ্রিঃ |
| ১০ | ইঞ্জিনিয়ারিং ইন্ডাষ্ট্রিজ লিঃ | টংগী,গাজীপুর | ১১/০৫/২০০২ খ্রিঃ |
| ১১ | নোয়াখালী টেক্সটাইল মিলস্ | লক্ষ্মীপুর | ২৬/০৬/২০০৪ খ্রিঃ |
| ১২ | সাতরং টেক্সটাইল মিলস্ লিঃ | গাজীপুর | ১৮/১২/২০০৯ খ্রিঃ |

## ৪। সাবেক মালিকদের নিকট হস্তান্তরিত ৩০টি মিলঃ

| ক্রঃ নং | মিলেরনাম | ঠিকানা | হস্তান্তরের তারিখ |
|---|---|---|---|
| ০১ | আহমেদ সিল্ক মিলস্ লিঃ | ডেমরা,ঢাকা | ৪/২/৭৭খ্রিঃ |
| ০২ | ঢাকা ডাইং এন্ড ম্যানুঃ লিঃ | টংগী,গাজীপুর | ২৮/১/৭৭খ্রিঃ |
| ০৩ | মেটেক্স কটন লিঃ | ফতুল্লা ,নাঃগঞ্জ | ৩০/১০/৭৭খ্রিঃ |
| ০৪ | জেস ব্ল্যাংকেট লিঃ | যশোর | ১৯/৫/৭৭খ্রিঃ |
| ০৫ | আলাউদ্দিন তাইওয়া লিঃ | টংগী,গাজীপুর | ৭/২/৭৭খ্রিঃ |
| ০৬ | মোহাম্মদী ক্যালেন্ডারিং লিঃ | ঢাকা | ২৭/২/৮০খ্রিঃ |
| ০৭ | আলহাজ্ব টেক্সটাইল লিঃ | ঈশ্বরদী,পাবনা | ১২/১২/৮২খ্রিঃ |
| ০৮ | বগুড়া কটন মিলস লিঃ | বগুড়া | ১৪/১২/৮২খ্রিঃ |

| ক্রঃ নং | মিলেরনাম | ঠিকানা | হস্তান্তরের তারিখ |
|---|---|---|---|
| ০৯ | চাঁন্দ টেক্সটাইল মিলস লিঃ | শ্যামপুর,ঢাকা | ৮/১২/৮২খ্রিঃ |
| ১০ | চিটাগাং টেক্সটাইল মিলস লিঃ | চট্টগ্রাম | ৬/১২/৮২খ্রিঃ |
| ১১ | গাউছিয়া কটন মিলস লিঃ | মুড়াপাড়া,নাঃগঞ্জ | ৫/১২/৮২খ্রিঃ |
| ১২ | হালিমা টেক্সটাইল মিলস লিঃ | কুমিল্লা | ১৪/১২/৮২খ্রিঃ |
| ১৩ | ইব্রাহিম কটন মিলস লিঃ | মাদারবাড়ী,চট্টগ্রাম | ৩০/১১/৮২খ্রিঃ |
| ১৪ | আশরাফ টেক্সটাইল মিলস লিঃ | টংগী, গাজীপুর | ৩০/১১/৮২খ্রিঃ |
| ১৫ | জবা টেক্সটাইল মিলস লিঃ | নরসিংদী | ৫/১২/৮২খ্রিঃ |
| ১৬ | ময়নামতি টেক্সটাইল মিলস লিঃ | কুমিল্লা | ২/১২/৮২খ্রিঃ |
| ১৭ | সিরাজগঞ্জ কটন মিলস লিঃ | সিরাজগঞ্জ | ৩০/১১/৮২খ্রিঃ |
| ১৮ | ক্যালিকো কটন মিলস লিঃ | রাজাপুর, পাবনা | ২৮/২/৮৩খ্রিঃ |
| ১৯ | গোয়ালন্দ টেক্সটাইল মিলস লিঃ | রাজবাড়ী | ৩/১/৮৩খ্রিঃ |
| ২০ | হাবিবুর রহমান টেক্সটাইল মিলস লিঃ | আজিম নগর,কুমিল্লা | ৯/৩/৮৩খ্রিঃ |
| ২১ | কুষ্টিয়া টেক্সটাইল মিলস লিঃ | কুষ্টিয়া | ৬/৩/৮৩খ্রিঃ |
| ২২ | মাওলা টেক্সটাইল মিলস লিঃ | ফতুল্লা, নারায়নগঞ্জ | ৫/১/৮৩খ্রিঃ |
| ২৩ | কাশেম কটন মিলস লিঃ | গাজীপুর | ১/২/৮৩খ্রিঃ |
| ২৪ | রাজ টেক্সটাইল মিলস লিঃ | নওয়াপাড়া,যশোর | ১৩/২/৮৩খ্রিঃ |
| ২৫ | কটন টেক্সটাইল ক্রাফট | নওয়াপাড়া,যশোর | ১৪/২/৮৩খ্রিঃ |
| ২৬ | রুপালী নুর মিলস লিঃ | ৩৮/১, নর্থ ব্রুক হল রোড ঢাকা-১ | ১৩/২/৮৩খ্রিঃ |
| ২৭ | তমিজউদ্দিন টেক্সঃ মিলস লিঃ | গাজীপুর | ১৯/১/৮৩খ্রিঃ |
| ২৮ | পাহাড়তলি টেক্সটাইল মিলস লিঃ | পাহাড়তলী,চট্টগ্রাম | ২৬/৫/৮৪খ্রিঃ |
| ২৯ | এন,এইচ, টেক্সটাইল মিলস লিঃ | ১৬-সি রোড নং-৬ বনানী,ঢাকা | ২০/১১/৮৪খ্রিঃ |
| ৩০ | রহমান টেক্সটাইল মিলস লিঃ | ১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা | ২৮/২/৮৭খ্রিঃ |

## ৫। লিকুইডেশন সেলের মাধ্যমে বিক্রিত এবং বিক্রির জন্য সেলের নিকট ন্যস্ত ০৭টি মিলঃ

| ক্রঃ নং | মিলেরনাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ঢাকেশ্বরী কটন মিলস্- ১ ও ২ | নারায়নগঞ্জ | বিক্রিত |
| ২ | আদর্শ কটন এন্ড উইভিং মিলস্ লিঃ | নারায়নগঞ্জ | বিক্রিত |
| ৩ | বাংলাদেশ টেক্সটাইল মিলস্ লিঃ | নারায়নগঞ্জ | বিক্রিত |
| ৪ | মোহিনী টেক্সটাইল মিলস্ লিঃ | কুষ্টিয়া | ন্যস্ত |
| ৫ | ওরিয়েন্ট টেক্সটাইল মিলস্ লিঃ | ঢাকা | ন্যস্ত |
| ৬ | চিশতী টেক্সটাইল মিলস্ লিঃ | কুমিল্লা | ন্যস্ত |
| ৭ | মসলিন কটন মিলস্ লিঃ | কালিগঞ্জ, গাজীপুর | ন্যস্ত |


## ৬। বিটিএমসি'র তালিকায় বাস্তব সম্পদবিহীন নামসর্বস্ব ০৩টি মিলঃ

| ক্রঃ নং | মিলের নাম |
|---|---|
| ১ | পারুমা টেক্সটাইল মিলস্, |
| ২ | এলাহী কটন মিলস্ |
| ৩ | রূপালী নাইলন |

## মিলের বিগত ৫ বছরের আয় (অংকঃ লক্ষ টাকায়)

| অর্থ বছর | মিলসমূহের আয় | পূর্ববর্তী বছর হতে হ্রাস/বৃদ্ধি | পূর্ববর্তী বছর হতে হ্রাস/বৃদ্ধির হার |
|---|---|---|---|
| ২০১৮-১৯ | ৭৭১.৭২ | (১৮৪.৫৮) | (১৯.৩০%) |
| ২০১৯-২০ | ৬৪২.৮৬ | (১২৮.৮৬) | (১৬.৭০%) |
| ২০২০-২১ | ৬৪৩.২৫ | ০.৩৯ | ০.০৬% |
| ২০২১-২২ | ৬৮৭.৬৪ | ৪৪.৩৯ | ৬.৯০% |
| ২০২২-২৩ | ৬১৯.২২ | (৬৮.৪২) | (১১.০৫%) |

## মিলের বিগত ৫ বছরের আয়ের বার চার্টঃ



## মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও বাস্তবায়ন অগ্রগতিঃ

| ক্র. নং | মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনাসমূহ | নির্দেশনার আলোকে গৃহীত পদক্ষেপ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ২.১ | (ক) বিটিএমসি'র বন্ধ মিলগুলো চালু করার ব্যবস্থা নিতে হবে। | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের এবং বিটিএমসির মাসিক সমন্বয় সভায় সর্বোচ্চ গুরুত্বের সাথে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে। | গৃহীত সিদ্ধান্তের আলোকে ১ম পর্যায়ে আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিল ও কাদেরিয়া টেক্সটাইল মিল পিপিপির আওতায় চালুকরণের নিমিত্ত সিংগভাগ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। শীঘ্রই অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন করে মিল চালু করা হবে মর্মে আশা করা যায়।<br><br>২য় পর্যায়ে আর আর টেক্সটাইল মিল এবং রাজশাহী টেক্সটাইল মিলের আন্তর্জাতিক দরপত্র আহবানপূর্বক দরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এ দুটি মিলও স্বল্পতম সময়ের মধ্যে চালুর পর্যায়ে নেয়ার জন্য প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। |
| ২.২ | যে সকল শিল্প বেসরকারিকরণ করা হয়েছিল, শর্ত লঙ্ঘিত হলে তা সরকারি ব্যবস্থাপনায় ফিরিয়ে আনতে হবে। | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের এবং বিটিএমসির মাসিক সমন্বয় সভায় সর্বোচ্চ গুরুত্বের সাথে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে। | শর্ত লঙ্ঘণকারী মিলসমূহের বিষয়ে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বিটিএমসি সমন্বিতভাবে কাজ করে যাচ্ছে। |

## বিটিএমসি কর্তৃক গৃহীত Fourth Industrial Revolution (4IR) এর কর্মপরিকল্পনা এবং 4IR বাস্তবায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত কার্যক্রমঃ

| | |
|---|---|
| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত Fourth Industrial Revolution (4IR) কর্মপরিকল্পনা এবং 4IR বাস্তবায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত কার্যক্রম অন্তর্ভূক্তকরণ | **Fourth Industrial Revolution (4IR)** এর চ্যালেঞ্জ মোকাবেলায় বিটিএমসির কার পার্কিং ভবনের ব্যবস্থাপনার জন্য "Smart Vehicle Parking Management" প্রকল্প পরিকল্পনা প্রক্রিয়াধীন। উক্ত প্রকল্পে চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি কৃত্রিম বুদ্ধিমত্তা, ইন্টারনেট অফ থিংস এবং ক্লাউড কম্পিউটিং ব্যবহার করে কার পার্কিং ভবন মনিটর করা হবে। এ প্রকল্প বাস্তবায়নের জন্য ইতোমধ্যে ভেন্ডর/সরবারহকারী প্রতিষ্ঠানের সাথে সভা/সেমিনার করে একটি খসড়া Policy Paper/Concept Paper প্রস্তুত করা হয়েছে। পরবর্তি কার্যক্রম চলমান রয়েছে। |

## বিটিএমসি’র ২০২২-২০২৩ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগঃ

সকল কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন সংহতকরণে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসীম। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন অনুশীলনে, সেবা সহজিকরণ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার উল্লেখযোগ্য। দপ্তরসমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর ধারাবাহিকতায় বিটিএমসি ২০২২-২৩ অর্থবছরে “Vehicle Management Software” চালু করার উদ্যোগ গ্রহণ করে।

## Vehicle Management Software:

ডিজিটাল বাংলাদেশের রূপকল্প এবং বিটিএমসি’র উদ্ভাবিত ধারনা থেকে সংস্থার সকল গাড়ি নিয়ন্ত্রণ ও পরিচালনার জন্য “Vehicle Management Software” চালু করা হয়েছে। স্মার্টফোন ব্যবহার করে যে কোন সময়ে যে কোন স্থান থেকে এই সফটওয়্যার এর মাধ্যমে গাড়ি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা করা ও তথ্য সংগ্রহ করা যায়।

- এই সফটওয়্যারটির মাধ্যমে এক নজরে যানবাহন গুলোর প্রয়োজনীয় তথ্যাবলী পাওয়া যায় যেটি পূর্বে অনেক সময় সাপেক্ষ ছিল। বিভিন্ন তথ্য যেমন: গাড়ীর রেজিষ্ট্রেশন নম্বর, ইঞ্জিন নম্বর, চেসিস নম্বর, গাড়ির ধরন, আসন সংখ্যা, সিলিন্ডার সংখ্যা, জ্বালানীর ধরন, গাড়ীর নম্বর (ছবিসহ) ইত্যাদি।
- গাড়ি চালকদের নাম, মোবাইল নাম্বার, জাতীয় পরিচয় পত্র, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, ড্রাইভিং লাইসেন্সের হালনাগাদ কাগজপত্রাদী, ছবি এবং কোন গাড়ীতে কোন ড্রাইভার নিযুক্ত তা খুব সহজেই জানা যায়।
- গাড়ির ট্যাক্স-টোকেন, রোড ফিটনেস, ইন্স্যুরেন্স এর মেয়াদ সম্পর্কে খুব সহজে ধারনা পেয়ে চলমান কার্যক্রম দ্রুত করা যায়।
- গাড়ির মেরামত/রক্ষণাবেক্ষণ, টায়ার ও ব্যাটারী ক্রয়ের যাবতীয় বর্ণনা (মূল্য, ক্রয়ের তারিখ ইত্যাদি) খুব অল্প সময়ে এই সফটওয়্যারের মাধ্যমে জানা যায়।
- গাড়িতে ব্যবহৃত জ্বালানীর হিসাব অল্প সময়ে জানা যায়। কোন মাসে কোন গাড়িতে কত লিটার জ্বালানী খরচ হয়েছে তা সঠিকভাবে জানা যায়।
- গাড়ি ব্যবহারের জন্য ব্যবহারকারী অনলাইনে রিকুইজেশন দিতে পারে এবং অনুমোদনকারী অনলাইনের মাধ্যমেই অনুমোদন দিতে পারে যা ইতোপূর্বে অনেক সময়ের অপচয় হতো এবং কষ্টকর ছিল।




চিত্র: বিটিএমসি’র Vehicle Management Software

# বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন

বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫

**(এসডিজি অভীষ্ট অর্জন)**

| ক্রঃনং | এসডিজি ১৭টি লক্ষ্যের আওতায় জাতীয় অগ্রাধিকার অভীষ্টের (National Priority Target-NPT) মধ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সংশ্লিষ্ট এসডিজি অভীষ্ট ও সূচক | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সংশ্লিষ্টতা (লিড/কো-লিড) | বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ/অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১.<br><br>২.<br><br>৩. | **অভীষ্টঃ-৮.০০ (Good job and economic growth)**<br>সকলের জন্য পূর্ণাঙ্গ উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসুযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অর্ন্তভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন<br><br>**সূচকঃ ৮.২.১** প্রতি কর্মীজনে প্রকৃত জিডিপি-র বার্ষিক প্রবৃদ্ধি হার।<br><br>**অভীষ্টঃ-৯.০০(Industry, Innovation, Infrastructure)**<br>অভিঘাত সহনশীল অবকাঠামো নির্মাণ, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই শিল্পায়নের প্রবর্ধন এবং উদ্ভাবনার প্রসারণ<br><br>**সূচকঃ ৯.২.১** জিডিপি ও মাথাপিছু আয়ের অনুপাতে ম্যানুফ্যাকচারিং-এর মূল্য সংযোজন।<br><br>**অভীষ্টঃ-১৭.০০ (Partnership for goals)**<br>টেকসই উন্নয়নের জন্য বৈশ্বিক অংশীদারিত্ব উজ্জীবিতকরণ ও বাস্তবায়নের উপায়সমূহ শক্তিশালী করা।<br>**সূচকঃ ১৭.১১.১**<br>বৈশিক রপ্তানীতে উন্নয়নশীল ও স্বল্পোন্নত দেশগুলোর অংশ। | MOC<br>CO-Lead:<br>MoInd<br>MoA<br><br>Lead:<br>MoInd<br><br>Lead:<br>Moc<br>Co-Lead:<br>MoFA | অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) কর্তৃক নীতিগত অনুমোদন প্রাপ্ত রাষ্ট্রায়ত্ব ১৬টি মিল পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর আওতায় পরিচালনার নিমিত্তে ১ম পর্যায়ে ২টি মিলের (আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলস, ডেমরা, ঢাকা এবং কাদেরিয়া টেক্সটাইল মিলস, টঙ্গী, গাজীপুর) পরিচালনার নিমিত্তে প্রাইভেট পার্টনারদের সাথে চুক্তিস্বাক্ষর সম্পন্ন হয়েছে। ২য় পর্যায়ে রাজশাহী টেক্সটাইল মিলে “Development of Rajshahi Textile Mills Site at Rajshahi Through PPP” এবং আর. আর. টেক্সটাইল মিলে “Development of R.R Textile Mills Site at Sitakundu, Chattogram Through PPP” শীর্ষক পিপিপি প্রকল্পের আহবানকৃত আন্তর্জাতিক টেন্ডারের দরপত্র মূল্যায়ন প্রতিবেদন এবং প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী Preferred Bidder হিসেবে বিবেচিত “প্রাণ কনসোর্টিয়াম” এর সাথে বিটিএমসি কর্তৃপক্ষের সম্পাদিতব্য চুক্তিপত্রের খসড়া বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির(সিসিইএ) চুড়ান্ত অনুমোদনের জন্য দরপত্র মুল্যায়ন প্রতিবেদন ও চুক্তির খসড়া বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পিপিপি গাইডলাইন অনুযায়ী পর্যায়ক্রমে যথাসময়ে অবশিষ্ট কার্যক্রম/পদক্ষেপ গ্রহন করা হবে।<br><br>দারোয়ানী টেক্সটাইল মিলস্ লিঃ,নীলফামারী এবং দিনাজপুর টেক্সটাইল মিলস্ লিঃ, দিনাজপুর পিপিপি’তে পরিচালনার লক্ষ্যে **কার্যক্রম** চলমান রয়েছে।<br><br>মিলসমূহ পিপিপি’র মাধ্যমে চালু করা হলে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করা সম্ভব হবে। শুধুমাত্র সরকারের একক প্রচেষ্টায় বিশ্বের জটিল চ্যালেঞ্জগুলো মোকাবেলা করা সম্ভব নয়। দেশের অর্থনীতিকে শক্তিশালী করে এগিয়ে নেয়ার জন্য পার্টনারশীপ এর মাধ্যমে বিটিএমসি’র নিয়ন্ত্রণাধীন মিলসমূহ পরিচালনা করা হলে, বাংলাদেশের SDG Goal অর্জনে বিটিএমসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | |

## প্রকল্পসমূহঃ

### ক) বাস্তবায়নাধীন প্রকল্পঃ

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত চিত্তরঞ্জন টেক্সটাইল মিলে “টেক্সটাইল পল্লী” স্থাপনের নিমিত্ত পরিকল্পিত ২২টি প্লটের মধ্যে ১০ (দশ) টি প্লট (১ হতে ১০ নং) বিক্রয় প্রক্রিয়া এবং হস্তান্তর কাজ সাফ-কবলা দলিলের মাধ্যমে সম্পন্ন হয়েছে। বিক্রিত ১টি প্লটে শিল্প প্রতিষ্ঠান স্থাপনপূর্বক উৎপাদন কার্যক্রম চলমান রয়েছে এবং অবশিষ্ট প্লটসমূহে শিল্প স্থাপনার কাজ চলমান রয়েছে। অবশিষ্ট প্লটের জমি আদালতের নির্দেশনা অনুযায়ী পুন:বিভাজনের কার্যক্রম চলমান রয়েছে। পুন:বিভাজন সম্পন্ন হলে বিক্রয়ের জন্য কার্যক্রম গ্রহণ করা হবে।





### খ) পরিকল্পনাধীন প্রকল্পঃ

খুলনা টেক্সটাইল মিলের জমিতে পিপিপি’র আওতায় উপযুক্ত প্রকল্প চিহ্নিতকরণের লক্ষ্যে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, পিপিপি কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয় ও বিটিএমসি’র সম্মিলিত উদ্যোগে ১২ অক্টোবর ২০২২ খ্রিঃ তারিখে খুলনায় একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বেগম মন্নুজান সুফিয়ান, মাননীয় প্রতিমন্ত্রী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, স্থানীয় একাধিক সাংসদ, ব্যবসায়ী নেতৃবৃন্দ, সরকারি উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ এবং আরবান ডেভেলাপমেন্ট ডিপার্টমেন্ট, খুলনা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।






## সামগ্রিকভাবে বিটিএমসি ও মিলসমূহের সম্ভাব্য সমস্যাঃ

ক) বিটিএমসি'র পিপিপি প্রকল্পসমূহের যথেষ্ট সম্ভাব্য বিনিয়োগকারী থাকা সত্বেও প্রকল্প ঋণের ব্যবস্থা না থাকায় কাঙ্খিত সাড়া পাওয়া যাচ্ছে না। একই সাথে বেজা/বেপজার ন্যায় সুবিধাদি না থাকায় বিনিয়োগকারীদের পিপিপি প্রকল্পে আকৃষ্ট করা সম্ভব হচ্ছে না।

খ) প্রতিবছর নিয়মিত অবসরের ফলে বিটিএমসি'র প্রধান কার্যালয়ে ৩০৭ জনবলের স্থলে বর্তমানে ৯৮ জন কর্মকর্তা-কর্মচারী নিয়োজিত রয়েছে। দীর্ঘদিন বিটিএমসি নিয়োগ প্রক্রিয়া বন্ধ থাকায় বর্ণিত জনবল দিয়ে প্রশাসনিক কার্যক্রম, নতুন ভাবে সংযোজিত পিপিপি'র ব্যাপক দাপ্তরিক প্রক্রিয়া সুষ্ঠুভাবে পরিচালনা বেশ কষ্ট সাধ্য। সর্বোপরি অপ্রতুল জনবল দিয়ে বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন সকল মিলের স্থাবর-অস্থাবর সম্পত্তি ও মেশিনারীজের নিরাপত্তা নিশ্চিত বেশ দুঃসাধ্য;

গ) বিটিএমসি নিজস্ব অর্থায়নে পরিচালিত একটি সেক্টর কর্পোরেশন। বর্তমানে বিটিএমসি নিয়ন্ত্রিত সকল মিলে নিজস্ব ব্যবস্থাপনায় উৎপাদন কার্যক্রম বন্ধ রয়েছে বিধায় বিটিএমসির প্রধান আয়ের উৎস ভবন/ স্থাপনা ভাড়া এবং ব্যাংকে রক্ষিত স্থায়ী আমানতের সুদ। উল্লিখিত দুটি উৎস হতে প্রাপ্ত আয় অত্যাবশ্যকীয় ব্যয়ের তুলনায় অপ্রতুল। প্রাপ্ত আয় দ্বারা অত্র সংস্থার সকল শ্রেনীর কর্মকতা/কর্মচারীর নিয়মিত বেতন-ভাতা প্রদানসহ প্রশাসনিক সকল ব্যয় নির্বাহ করা হলেও দীর্ঘমেয়াদী বিশাল অংকের ইউটিলিটি বিল, ভূমি উন্নয়ন কর, পৌরকর ইত্যাদি বিভিন্ন খাতে বকেয়া রয়েছে;

ঘ) শিল্প মন্ত্রণালয়, প্রাইভেটাইজেশন কমিশন এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাধ্যমে বিক্রিত মিলসমূহের সরকারী দীর্ঘমেয়াদী পাওনা ৫২৪.৪৯ কোটি টাকা থেকে বিটিএমসি'কে অব্যাহতি প্রদান;

ঙ) মিল বিক্রি বাবদ বিটিএমসি'র পাওনা ১২৮৪.৬০ কোটি টাকা এবং সরকারের স্বল্পমেয়াদী ঋণ বাবদ ৫০১.৯১ কোটি টাকা পাওনার সাথে সমন্বয়পূর্বক অবশিষ্ট (১২৮৪.৬০ - ৫০১.৯১) = ৭৮২.৬৯ কোটি টাকা বিটিএমসি'কে বরাদ্দ প্রদান;

চ) লিকুইডেশন সেল কর্তৃক বিক্রিত ০৪টি মিলের নিকট বিটিএমসি'র পাওনা ১৮.১৭ কোটি টাকা আদায় করা

## ২০২২-২৩ অর্থবছরে বিটিএমসি'র গুরুত্বপূর্ণ অর্জনঃ

**ক)** অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি **(**সিসিইএ**)** কর্তৃক অনুমোদন প্রাপ্ত ১৬ টি মিলের মধ্যে ২য় পর্যায়ে ০২ **(**দুই**)**টি মিলের **(**১**)** আর**.**আর টেক্সটাইল মিলস লিঃ**,** সীতাকুন্ড, চট্টগ্রাম **(**২**)** রাজশাহী টেক্সটাইল মিলস্**,** রাজশাহী টেন্ডার আহবান করা হলে আগ্রহী বিডার পাওয়া যায় এবং উক্ত ০২ টি প্রকল্পের বিড মূল্যায়ন সম্পন্ন হয়েছে। মূল্যায়ন পরবর্তী আইন মন্ত্রণালয় হতে ভেটিংপূর্বক নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় সংশোধন**,** সংযোজন ও বিয়োজনপূর্বক সিসিইএ এর চূড়ান্ত অনুমোদনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

**খ)** ৩য় পর্যায়ে দোস্ত টেক্সটাইল মিল**,** ফেনী এবং মাগুরা টেক্সটাইল মিল**,** মাগুরা এ প্রাইভেট পার্টনারদের বিনিয়োগে আকৃষ্ট করার লক্ষ্যে গত ১৬-০৬-২০২২খ্রিঃ তারিখে ফেনী সার্কিট হাউজে এবং ২৮-০৬-২০২২খ্রি**:** তারিখে মাগুরা সার্কিট হাউজে স্টেকহোল্ডার কর্মশালা আয়োজন করা হয়। মাগুরা টেক্সটাইল মিলস্ ও দোস্ত টেক্সটাইল মিলস্ পিপিপি**'**তে পরিচালনার নিমিত্ত পুনঃ দরপত্র আহবান করা হয়েছে।

**গ)** মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত চিত্তরঞ্জন টেক্সটাইল মিলে "টেক্সটাইল পল্লী" স্থাপনের নিমিত্ত ২২টি প্লটের মধ্যে ১০ (দশ) টি প্লট (১ হতে ১০ নং) বিক্রয় প্রক্রিয়া এবং হস্তান্তর কাজ সাফ-কবলা দলিলের মাধ্যমে ইতোপূর্বে সম্পন্ন হয়েছে। ১টি প্লটে শিল্প প্রতিষ্ঠান স্থাপনপূর্বক উৎপাদন কার্যক্রম চলমান রয়েছে এবং অবশিষ্ট প্লটসমূহে শিল্প স্থাপনার কাজ চলমান রয়েছে।

ঘ) বিটিএমসি এবং মিলসমূহ হতে পরিচালিত ৭৩টি মামলা ও ৩৪টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে;

ঙ) বাংলাদেশ পরিবেশবাদী আইনজীবী সংগঠন (বেলা) কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং-৫৭৩৯/২০১৩ মামলাটিতে গত ১০.০৩.২০২২খ্রি: তারিখে সরকার তথা বিটিএমসি'র পক্ষে রায় হয়। ফলে প্রকল্প বাস্তবায়নের প্রতিবন্ধক হিসেবে আইনী জটিলতা অপসারিত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত "টেক্সটাইল পল্লী" বাস্তবায়নের সুযোগ সৃষ্টি হয়েছে। রায় অনুসারে প্লট পুন:বিভাজন করে বিক্রয়ের দ্বারা সরকারের সম্পত্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত, শিল্পায়ন সম্প্রসারণের ক্ষেত্র তৈরির দ্বারা অধিক কর্মসংস্থান, রপ্তানী আয় বৃদ্ধি, রাজস্ব আদায়, জাতীয় অর্থনীতিতে অবদান রাখার মধ্য দিয়ে সার্বিক উন্নয়নের সুযোগ সৃষ্টি হয়েছে।

চ) দারোয়ানী টেক্সটাইল মিলস লিঃ, নীলফামারী ও দিনাজপুর টেক্সটাইল মিলস্ লিঃ, দিনাজপুর এর পিপিপি টেন্ডার আহবানের নিমিত্ত এর ফিজিবিলিটি স্টাডি, স্টেকহোল্ডার কনসালটেশন, Invitation For Bid (IFB) ও Draft Contact Document প্রস্তুতের জন্য পিপিপি কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত কনসালটেন্সি প্রতিষ্ঠান আইআইএফসি কর্তৃক কার্যক্রম চলমান রয়েছে।

## ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ

ক**)** অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি **(**সিসিইএ**)** এর নীতিগত অনুমোদন প্রাপ্ত ১৬টি মিলের মধ্যে ১ম পর্যায়ে হস্তান্তরিত ২টি মিলে পিপিপি প্রকল্প বাস্তবায়ন করা**;**

খ**)** দ্রুততম সময়ে সিসিইএ হতে চূড়ান্ত অনুমোদন গ্রহণপূর্বক ২য় পর্যায়ের ২টি মিল প্রাইভেট পার্টনারের নিকট হস্তান্তরের মাধ্যমে পিপিপি**'**র আওতায় মিলসমূহের উৎপাদন কার্যক্রম চালুকরণ।

**গ)** ৩য় পর্যায়ের ২টি মিলের আন্তর্জাতিক দরপত্র আহবানপূর্বক যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করে পিপিপি**'**তে হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা**;**

ঘ) ৪র্থ পর্যায়ে দারোয়ানী টেক্সটাইল মিলস লিঃ, নীলফামারী ও দিনাজপুর টেক্সটাইল মিলস্ লিঃ, দিনাজপুর এর পিপিপি টেন্ডার আহবানের নিমিত্ত এর ফিজিবিলিটি স্টাডি, স্টেকহোল্ডার কনসালটেশন, Invitation For Bid (IFB) ও Draft Contact Document প্রস্তুতের জন্য পিপিপি কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত কনসালটেন্সি প্রতিষ্ঠান আইআইএফসি কর্তৃক কার্যক্রম সম্পন্ন করে পিপিপি'র আওতায় মিলসমূহের উৎপাদন কার্যক্রম চালুকরণ।

ঙ) চিত্তরঞ্জন কটন মিলে "টেক্সটাইল পল্লী" স্থাপনের নিমিত্তে ২২টি প্লটের মধ্যে অবশিষ্ট প্লটের জমি আদালতের নির্দেশনা অনুযায়ী পুন:বিভাজনের কার্যক্রম চলমান রয়েছে

চ) সিসিইএ কর্তৃক নীতিগত অনুমোদন প্রাপ্ত অবশিষ্ট ০৮টি মিল পর্যায়ক্রমে পিপিপি'তে হস্তান্তরের জন্য কার্যক্রম গ্রহণ করা;

ছ) খুলনা টেক্সটাইল মিলের জমিতে "টেক্সটাইল পল্লী" স্থাপনের পরিবর্তে পিপিপি বা সরকারি-বেসরকারি অংশীদারিত্বে অন্য যেকোন প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তাবনা নির্ধারণ করা;

# ফটোগ্যালারী

## জাতীয় শোক দিবস পালনঃ

১৫ আগস্ট ২০২২খ্রি: তারিখে জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষ্যে বিটিএমসি'র সম্মেলন কক্ষে এক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব মহোদয় জনাব মো: আব্দুর রউফ।



চিত্র: জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষ্যে পুষ্পস্তবক অর্পন।



চিত্র: জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিল।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর ৫৯ তম জন্মদিন পালনঃ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর ৫৯তম জন্মদিন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান ও দোয়া মাহফিল ।



চিত্র: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর ৫৯তম জন্মদিন উপলক্ষে শিশুদের জন্য আয়োজিত অনুষ্ঠান ।



চিত্র: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর ৫৯তম জন্মদিন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান ও দোয়া মাহফিল ।

## প্রি-বিড মিটিং আয়োজনঃ

**খুলনা টেক্সটাইল মিলের জমিতে "টেক্সটাইল পল্লী" স্থাপনের পরিবর্তে পিপিপি বা সরকারি-বেসরকারি অংশীদারিত্বে অন্য যেকোন প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তাবনা নির্ধারণ করার জন্য আয়োজিত কর্মশালা ।**



**চিত্র: বিটিএমসি, কেডিএ ও পিপিপি কর্তৃপক্ষের সমন্বয়ে খুলনা শহরে অনুষ্ঠিত ১২-১০-২০২২খ্রি: তারিখে পিপিপি'র** স্টেকহোল্ডার **কর্মশালা।**

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও শিশু দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভাঃ

১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এরঁ ১০৩ তম জন্মবার্ষিকী ও শিশু দিবস উপলক্ষ্যে বিটিএমসি'র সম্মেলন কক্ষে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব জনাব মো: আব্দুর রউফ।




**চিত্র: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এরঁ জন্মবার্ষিকী উপলক্ষ্যে পুষ্পস্তবক অর্পন ।**




**চিত্র: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এরঁ জন্মবার্ষিকী ও শিশু দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত আলোচনা সভা।**

## পিপিপি’র আওতায় মিল চালুর লক্ষ্যে স্টেকহোল্ডারদের সাথে আয়োজিত সভাঃ

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বিটিএমসি’র ১৬ টি মিল পিপিপিতে পরিচালনার জন্য অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) হতে নীতিগত অনুমোদন দেয়া হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে স্টেকহোল্ডারদের সাথে বিটিএমসি’র আলোচনা সভা।





**চিত্র: পিপিপি’র স্টেকহোল্ডারদের সাথে আয়োজিত সভা এবং দেশের শীর্ষস্থানীয় টেক্সটাইল মিল পরিদর্শণ।**